

SSC Physics

অধ্যয়নভিত্তিক কন্টেন্ট-২০২৩

অধ্যায়-৩: বল

প্রয়োজনীয় তথ্য:

সূত্রাবলি	প্রতীক পরিচিতি
◆ $F = ma$	$F =$ বল $m =$ ভর $a =$ ত্বরণ
◆ $Ft = mv - mu$	$t =$ বলের ক্রিয়াকাল $u =$ বস্তুর আদিবেগ $v =$ বস্তুর শেষবেগ
◆ $m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$	$m_1, m_2 =$ ভর $u_1, u_2 =$ আদিবেগ $v_1, v_2 =$ শেষবেগ
◆ $m_1u_1 + m_2u_2 = (m_1 + m_2)v$	$v =$ মিলিত শেষবেগ

জড়তা (Inertia) : প্রত্যেক পদার্থ যে অবস্থায় আছে চিরকাল সেই অবস্থায় থাকতে চাওয়ার যে প্রবণতা বা সেই অবস্থা বজায় রাখতে চাওয়ার যে ধর্ম তাকে জড়তা বলে।

যেমন : টেবিলের উপর একখানা বই রাখলে বইটি সারাজীবন টেবিলের উপর পড়ে থাকবে যদি কেউ বইটি না সরায় বা সরাতে চেষ্টা না করে।

জড়তার প্রকারভেদ : জড়তাকে দু'ভাগে ভাগ করা যায়। যথা : ১. স্থিতি জড়তা ও ২. গতি জড়তা।

স্থিতি জড়তা : স্থিতিশীল বস্তুর চিরকাল স্থির থাকতে চাওয়ার যে প্রবণতা বা স্থিতি বজায় রাখতে চাওয়ার যে ধর্ম তাকে স্থিতি জড়তা বলে। যেমন : গাড়ি হঠাৎ চলতে শুরু করলে যাত্রী পিছনের দিকে হেলে পড়ে গতি জড়তার জন্য।

গতি জড়তা : গতিশীল বস্তুর চিরকাল সমবেগে গতিশীল থাকতে চাওয়ার যে প্রবণতা বা একই গতি অক্ষুণ্ণ রাখতে চাওয়ার যে ধর্ম তাকে গতি জড়তা বলে। যেমন : চলন্ত গাড়ি হঠাৎ থামলে যাত্রী সামনের দিকে ঝুঁকে পড়ে স্থিতি জড়তার জন্য।

বল (Force) : যা স্থির বস্তুর উপর ক্রিয়া করে তাকে গতিশীল করে বা করতে চায় বা গতিশীল বস্তুর উপর ক্রিয়া করে তার গতির পরিবর্তন করে বা করতে চায় তাকে বল বলে। বলকে F দ্বারা সূচিত করা হয়। বল একটি ভেক্টর বা দিক রাশি। কারণ এর মান ও দিক উভয়ই আছে। বলের একক kgms^{-2} । একে নিউটন (N) বলা হয়। বলের মাত্রা $[F] = [MLT^{-2}]$

বলের প্রকৃতি (Nature of force)

স্পর্শ বল : যে বল সৃষ্টির জন্য দুইটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শের প্রয়োজন তাকে স্পর্শ বল বলে। স্পর্শ বলের উদাহরণ হলো ঘর্ষণ বল, টান বল এবং সংঘর্ষের সময় সৃষ্ট বল। যেমন : মেঝের উপর দিয়ে একটি বাস্কটেনে নেওয়ার সময় আমরা টান বল প্রয়োগ করি। বাস্কটের গতির বিপরীত দিকে তখন ঘর্ষণ বলের সৃষ্টি হয়।

অস্পর্শ বল : দুটি বস্তুর প্রত্যক্ষ স্পর্শ ছাড়াই যে বল ক্রিয়া করে তাকে অস্পর্শ বল বলে। যেমন : দুটি বস্তুর মধ্যে ক্রিয়াশীল আকর্ষণমূলক মহাকর্ষ বল, দুটি আর্হিক বস্তুর মধ্যে ক্রিয়াশীল আকর্ষণ বা বিকর্ষণকারী তড়িৎ বল, দুটি চুম্বকের মেঝুর মধ্যে আকর্ষণ বা বিকর্ষণমূলক বল অথবা চুম্বক ও একটি চৌম্বক পদার্থের মধ্যে ক্রিয়াশীল আকর্ষণ বলগুলো অস্পর্শ বল তথা দূরবর্তী বলের উদাহরণ।

সাম্য বল (Balanced force) : কোনো বস্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলের লব্ধি শূন্য হয় তবে সেই বলগুলোকে সাম্য বল বলে।

অসাম্য বল (Unbalanced force) : যে বল বা বলসমূহের প্রয়োগের ফলে বস্তু সাম্যাবস্থায় না থেকে এর উপর একটি লব্ধিবল ক্রিয়া করে তবে ঐ বল বা বলসমূহকে অসাম্য বল বলে।

ভরবেগ (Momentum) : বস্তুর ভর ও বেগের গুণফলকে ভরবেগ বলে। কোনো বস্তুর ভর m এবং বেগ v হলে এর ভরবেগ, $p = mv$ ।
ভরবেগের একক : kg ms^{-1} । ভরবেগের মাত্রা : $[p] = [MLT^{-1}]$

নিউটনের গতিসূত্র (Newton's laws of motion) :

প্রথম সূত্র (জড়তা ও বলের সংজ্ঞা নির্দেশক সূত্র) : বাহ্যিক কোনো বল প্রযুক্ত না হলে স্থির বস্তু স্থির থাকবে এবং গতিশীল বস্তু সুষম দ্রুতিতে সরল পথে চলতে থাকবে।

দ্বিতীয় সূত্র (বল, পরিমাপ ও বলের প্রকৃতি নির্দেশক সূত্র) : বস্তুর ভরবেগের পরিবর্তনের হার এর ওপর প্রযুক্ত বলের সমানুপাতিক এবং বল যেদিকে ক্রিয়া করে বস্তুর ভরবেগের পরিবর্তনও সেদিকে ঘটে।

তৃতীয় সূত্র (বস্তুর মধ্যে পারস্পরিক ক্রিয়ার সূত্র) : প্রত্যেক ক্রিয়ারই একটি সমান ও বিপরীত প্রতিক্রিয়া আছে।

ঘর্ষণ (Friction) : দুটি বস্তু পরস্পরের সংস্পর্শ থেকে যদি একটির উপর দিয়ে অপরটি চলতে চেষ্টা করে অথবা চলতে থাকে তাহলে বস্তুদ্বয়ের স্পর্শ তলে এই গতির বিরুদ্ধে একটা বাধার উৎপত্তি হয়, এই বাধাকে ঘর্ষণ বলে। আর এই বাধার ফলে যে বল উৎপন্ন হয় তাকে ঘর্ষণ বল বলে। মসৃণ অপেক্ষা অমসৃণ তলে ঘর্ষণ বেশি হয়।

ঘর্ষণের সুবিধা : আমাদের দৈনন্দিন জীবনে ঘর্ষণ অত্যন্ত প্রয়োজনীয়। ঘর্ষণের সুবিধা হলো :

- ◆ ঘর্ষণের জন্য আমরা হাঁটতে পারি, পিছলে যাই না;
- ◆ ঘর্ষণের জন্য আমরা কোনো কিছু ধরে রাখতে পারি;
- ◆ ঘর্ষণের জন্য গাড়ির চাকা ঘোরে এবং সামনে বা পেছনের দিকে অগ্রসর হতে থাকে;
- ◆ কাঠে পেরেক বা স্ক্রু লাগাতে পারি;
- ◆ কাঁচি বা ছুরিতে ধার দিতে পারি।

ঘর্ষণের অসুবিধা : ঘর্ষণের জন্য আমাদের অসুবিধাও কম পোহাতে হয় না। যন্ত্র চলার সময় গতিশীল অংশগুলোর মধ্যে ঘর্ষণ ক্রিয়ার ফলে ক্রমশ ক্ষয়প্রাপ্ত হয়। তাছাড়া যান্ত্রিক দক্ষতাও বেশ কমে যায়। আবার ঘর্ষণের ফলে অনাবশ্যিক তাপ উৎপাদনের জন্য যন্ত্রের ক্ষতি হয়।

এসব অসুবিধা দূর করার জন্য যন্ত্রপাতির স্পর্শ তলগুলোর মাঝে পিচ্ছিলকারী তেল বা গ্রাফাইট ব্যবহার করে পিচ্ছিল রাখা হয়।

● ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

প্রশ্ন ১ ১ ১ জড়তা কাকে বলে?

উত্তর : পদার্থ যে অবস্থায় আছে চিরকাল সে অবস্থায় থাকতে চাওয়ার যে প্রবণতা বা সে অবস্থা বজায় রাখতে চাওয়ার যে ধর্ম তাকে জড়তা বলে।

প্রশ্ন ১ ২ ১ সুস্থিত বল কী?

উত্তর : যে বলসমূহ সাম্যাবস্থায় পরিণত করে তাদেরকে সুস্থিত বল বলে।

প্রশ্ন ১ ৩ ১ একক বল কী?

উত্তর : একক ভরের ওপর যে পরিমাণ বল ক্রিয়া করে একক ত্বরণ সৃষ্টি করে তাকে একক বল বলে।

প্রশ্ন ১ ৪ ১ অস্পর্শ বল কাকে বলে?

উত্তর : দুটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শ ছাড়াই যে বল ক্রিয়া করে তাকে অস্পর্শ বল বলে।

প্রশ্ন ৫ ৥ কোন সূত্র থেকে বলের গুণগত সংজ্ঞা পাওয়া যায়?

উত্তর : নিউটনের গতিবিষয়ক প্রথম সূত্র থেকে।

প্রশ্ন ৬ ৥ অভিকর্ষ বল কাকে বলে?

উত্তর : পৃথিবী যখন কোনো বস্তুর উপর মহাকর্ষ বল প্রয়োগ করে তখন তাকে অভিকর্ষ বল বলে।

প্রশ্ন ৭ ৥ বিসর্প ঘর্ষণ কী?

উত্তর : যখন একটি বস্তু অন্য একটি বস্তুর তথা তলের উপর দিয়ে পিছলিয়ে বা ঘষে চলতে চেষ্টা করে বা চলে তখন যে ঘর্ষণের সৃষ্টি হয় তাকে পিছলানো ঘর্ষণ বা বিসর্প ঘর্ষণ বলে।

প্রশ্ন ৮ ৥ প্রবাহী ঘর্ষণ কাকে বলে?

উত্তর : যখন কোনো বস্তু কোনো প্রবাহী পদার্থের মধ্যে গতিশীল থাকে তখন যে ঘর্ষণ ক্রিয়া করে তাকে প্রবাহী ঘর্ষণ বলে।

প্রশ্ন ৯ ৥ স্থিতি ঘর্ষণ কী?

উত্তর : পরস্পরের সংস্পর্শে থেকে একটি বস্তু যতক্ষণ অপরটির উপর স্থির থাকে, ততক্ষণ তাদের মিলনতলে যে ঘর্ষণ ক্রিয়া করে, তাকে স্থিতি ঘর্ষণ বলে।

প্রশ্ন ১০ ৥ আবর্ত ঘর্ষণের উদাহরণ দাও।

উত্তর : ফুটবল, মার্বেল গুটি ইত্যাদি মাটির উপর দিয়ে চলার সময় আবর্ত ঘর্ষণের সৃষ্টি হয়।

● ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

প্রশ্ন ১ ৥ থেমে থাকা বাস হঠাৎ চলতে শুরু করলে বাসযাত্রী পেছনের দিকে হেলে পড়েন কেন?

উত্তর : থেমে থাকা বাস হঠাৎ চলতে শুরু করলে বাসযাত্রী পেছনের দিকে হেলে পড়েন স্থিতি জড়তার জন্য।

বাস যখন থেমে থাকে তখন যাত্রীর শরীরও স্থির থাকে। কিন্তু বাস হঠাৎ চলতে শুরু করলে যাত্রীর শরীরের বাস সংলগ্ন অংশ গতিশীল হয়। কিন্তু শরীরের উপরের অংশ স্থিতি জড়তার জন্য স্থির থাকতে চায়। তাই শরীরের নিচের অংশ থেকে উপরের অংশ পিছিয়ে পড়ে। ফলে যাত্রী পেছনের দিকে হেলে পড়ে।

প্রশ্ন ২ ৥ চলন্ত বাস হঠাৎ ব্রেক করলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়েন কেন?

উত্তর : চলন্ত বাস হঠাৎ ব্রেক করলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়েন গতি জড়তার জন্য।

চলন্ত অবস্থায় বাসের সাথে যাত্রীরাও একই গতি প্রাপ্ত হয়। কিন্তু বাস হঠাৎ থেমে গেলে বাসের সাথে সাথে যাত্রীর শরীরের নিচের অংশ স্থির হয়। কিন্তু শরীরের উপরের অংশ গতি জড়তার জন্য সামনের দিকে এগিয়ে যায়। ফলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়ে।

প্রশ্ন ৩ ৥ জড়তা সম্পর্কে তোমার ধারণা ব্যাখ্যা কর।

উত্তর : পদার্থ যে অবস্থায় আছে চিরকাল সেই অবস্থায় থাকতে চাওয়ার যে প্রবণতা বা সেই অবস্থা বজায় রাখতে চাওয়ার যে ধর্ম তাকে জড়তা বলে। প্রত্যেক বস্তু যে অবস্থায় আছে সেই অবস্থায় থাকতে চায় অর্থাৎ বস্তু স্থির থাকলে স্থির আর গতিশীল থাকলে গতিশীল থাকতে চায়। বস্তুর এ স্থিতিশীল বা গতিশীল অবস্থার পরিবর্তন ঘটাতে হলে বল প্রয়োগ করতে হয়।

প্রশ্ন ৪ ৥ 'জড়তা বস্তুর ভরের ওপর নির্ভর করে'— উদাহরণসহ ব্যাখ্যা কর।

উত্তর : বাহ্যিক বল প্রয়োগ না করলে স্থির বস্তুর অবস্থায় এবং গতিশীল বস্তু সুষম গতিকে একই দিকে চলতে চাওয়ার ধর্মকে জড়তা বলে। জড়তা দু'প্রকার স্থিতি জড়তা ও গতি জড়তা। আমরা আমাদের দৈনন্দিন জীবনের অভিজ্ঞতা হতে দেখতে পাই, ভারী বস্তুকে স্থির অবস্থা হতে গতিশীল করতে এবং

গতিশীল অবস্থা হতে থামাতে হালকা বস্তুর চেয়ে বেশি মানের বল প্রয়োগ করতে হয়, অর্থাৎ বেশি কফ্টসাধ্য। তাই জড়তা বস্তুর ভরের উপর নির্ভর করে এবং প্রকৃতপক্ষে ভর হলো বস্তুর জড়তার পরিমাপ। উভয় প্রকার জড়তার ক্ষেত্রেই যে বস্তুর ভর যত বেশি তার জড়তা তত বেশি।

প্রশ্ন ৫ ৥ স্পর্শ ও অস্পর্শ বলের মধ্যকার পার্থক্য বর্ণনা কর।

উত্তর : যে বল সৃষ্টির জন্য দুটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শের প্রয়োজন হয় তাকে স্পর্শ বল বলে। অপরদিকে দুটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শ ছাড়াই যে বল ক্রিয়া করে তাকে অস্পর্শক বল বলে।

সংজ্ঞানুসারে, অস্পর্শ বল দূর হতেই ক্রিয়া করতে পারে যেখানে স্পর্শ বলসমূহ বস্তুর উপর ক্রিয়া করার জন্য সংস্পর্শের প্রয়োজন হয়। চার প্রকার মৌলিক বলের প্রত্যেকটি বলের প্রত্যেকটিই অস্পর্শ বল, অপরদিকে যৌগিক বা কৃত্রিম বলসমূহের বেশির ভাগই স্পর্শ বল।

প্রশ্ন ৬ ৥ বলের মাত্রা ব্যাখ্যা কর।

উত্তর : আমরা জানি বল,

$$\begin{aligned} F &= \text{ভর} \times \text{ত্বরণ} \\ &= \text{ভর} \times \frac{\text{বেগ}}{\text{সময়}} \\ &= \text{ভর} \times \frac{\text{দূরত্ব} / \text{সময়}}{\text{সময়}} \\ &= \text{ভর} \times \frac{\text{দূরত্ব}}{\text{সময়}^2} \\ &= M \times \frac{L}{T^2} \end{aligned}$$

বলের মাত্রা সমীকরণ, $[F] = [MLT^{-2}]$

প্রশ্ন ৭ ৥ যখন কোনো খেলোয়াড় স্থির ফুটবলকে কিং করেন তখন কী ঘটে?

উত্তর : যখন কোনো খেলোয়াড় স্থির ফুটবলকে কিং করেন তখন গতিশীল হয়।

আমরা দেখতে পাই, বলটি স্থির অবস্থা থেকে যেদিকে বলটিকে কিং করা হয়েছে সেদিকে গতিশীল হয়। অর্থাৎ এক্ষেত্রে বলটি স্থির অবস্থা থেকে ত্বরণ লাভ করে। এক্ষেত্রে সৃষ্ট ত্বরণের মান ধনাত্মক এবং ত্বরণের দিক হলো কিংকরের মাধ্যমে যেদিকে বল প্রয়োগ করা হয় সেদিকে। সুতরাং প্রযুক্ত বল কোনো স্থির বস্তুকে গতিশীল করতে পারে।

প্রশ্ন ৮ ৥ প্রযুক্ত বল কোনো গতিশীল বস্তুর বেগের তথা গতির দিক পরিবর্তন করতে পারে— ব্যাখ্যা কর।

উত্তর : ক্রিকেট খেলায় একজন খেলোয়াড় বিপরীত দিক থেকে আগত ক্রিকেট বলকে ব্যাট দ্বারা আঘাত করেন। ব্যাট দ্বারা আঘাতের ফলে বলটির বেগের মান ও দিক উভয়েই পরিবর্তিত হয়। যেদিক থেকে বলটি আসছিল ব্যাট দ্বারা আঘাতের ফলে এটি অন্য কোনো দিকে গতিশীল হয়। এক্ষেত্রেও ত্বরণ রয়েছে।

প্রশ্ন ৯ ৥ বল কীভাবে বস্তুর আকারের ওপর প্রভাব ফেলে বর্ণনা কর।

উত্তর : বলের ক্রিয়ায় অনেক সময় বস্তুতে গতির সৃষ্টি না হয়ে এর আকারের পরিবর্তন হয়। একটি খালি প্লাস্টিকের পানির বোতল চেপে ধরলে বোতলের আকারের পরিবর্তন হয়। আবার যখন কোনো রাবার ব্যাণ্ডকে টেনে প্রসারিত করা হয় তখন এটি সরু হয়ে যায় অর্থাৎ এর আকারের পরিবর্তন হয়।

কখনো কখনো বলের ক্রিয়ায় বস্তুর এই আকার পরিবর্তন ক্ষণস্থায়ী হয়। আবার কখনো বল প্রয়োগের ফলে স্থায়ীভাবে বস্তুর আকারের পরিবর্তন সংঘটিত হয়। উদাহরণ হিসেবে দুমড়ে-মুচড়ে যাওয়া ধাতব ক্যান অথবা দুর্ঘটনার পরে কোনো গাড়ির ক্ষেত্রে এ ধরনের পরিবর্তন ঘটে।

প্রশ্ন ১০ ৥ ক্রিয়া এবং প্রতিক্রিয়া সমান হওয়া সত্ত্বেও স্থির বস্তুতে কেন গতির সৃষ্টি হয়— ব্যাখ্যা কর।

উত্তর : নিউটনের তৃতীয় সূত্রানুসারে ক্রিয়া এবং প্রতিক্রিয়া বল সমান ও বিপরীতমুখী। এদের লব্ধি শূন্য হতো যদি এরা একই বস্তুর উপর ক্রিয়া করত। কিন্তু প্রকৃতপক্ষে ক্রিয়া ও প্রতিক্রিয়া বল দুটি ভিন্ন বস্তুর উপর ক্রিয়া করে, অর্থাৎ একটি বস্তুর উপর একটিমাত্র বল ক্রিয়া করে। এক্ষেত্রে ওই বস্তুতে তৃতীয় কোনো বল প্রযুক্ত না হলে তাতে গতির পরিবর্তন তথা ত্বরণ সৃষ্টি হতে বাধ্য।

প্রশ্ন ১১ ৥ গতির উপর ঘর্ষণের প্রভাব ব্যাখ্যা কর।

উত্তর : কোনো বস্তুর গতির উপর ঘর্ষণের ব্যাপক প্রভাব রয়েছে। ঘর্ষণ হলো এক ধরনের বাধাদানকারী বল, যা বস্তুর গতিকে মছুর করে। ঘর্ষণ আমাদের দৈনন্দিন জীবনে অনেক সমস্যা সৃষ্টি করলেও চলাচল ও যানবাহন চালনার জন্য ঘর্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। রাস্তা ও টায়ারের পৃষ্ঠ প্রয়োজনমতো অমসৃণ করা হয় যাতে গাড়ি সামনের দিকে এগিয়ে যেতে পারে। গতি নিয়ন্ত্রণে যে ব্রেক ব্যবহার করা হয় তা ঘর্ষণের নীতির উপর কাজ করে।

প্রশ্ন ১২ ৥ কোন বেত্রে স্থিতি ঘর্ষণ উৎপন্ন হয়— ব্যাখ্যা কর।

উত্তর : দুটি তলের একটি অপরটির সাপেক্ষে গতিশীল না বলে এদের মধ্যে স্থিতি ঘর্ষণ সৃষ্টি হয়। অর্থাৎ যখন কোনো একটি বস্তুর উপর বল প্রয়োগ করা হয়, তখন যদি এ বল বস্তুর গতি সৃষ্টি করতে না পারে তাহলে স্থিতি ঘর্ষণ কাজ করে। যেমন : মেঝের উপর অবস্থিত একটি ভারী বস্তুকে টানার পরও গতিশীল না হলে যে ঘর্ষণ বল উৎপন্ন হয় এবং গতি সৃষ্টি না হওয়া পর্যন্ত এ বল কাজ করে।

প্রশ্ন ১৩ ৥ প্রবাহী ঘর্ষণ বলতে কী বোঝ?

উত্তর : যখন কোনো তরল পদার্থ বা বায়বীয় পদার্থের গতিপথে কোনো স্থিরবস্তু রাখা হয় বা কোনো বস্তুকে তরল বা বায়বীয় পদার্থের মাঝ দিয়ে গতিশীল হতে হয় তখন উভয়ের মধ্যে ঘর্ষণ উৎপন্ন হয়। এ ধরনের ঘর্ষণকে প্রবাহী ঘর্ষণ বলে। সাধারণ জাহাজ পানিতে চলার সময়ে বা বৃষ্টির ফোঁটা বাতাসের মাঝ দিয়ে পড়ার সময়ে এই ধরনের ঘর্ষণের উৎপত্তি হয়।

প্রশ্ন ১৪ ৥ প্যারাসুটে কোন ধরনের ঘর্ষণ কীভাবে ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর।

উত্তর : প্যারাসুট বায়ুর বাধাকে কাজে লাগিয়ে কাজ করে। এখানে বায়ুর বাধা হলো এক ধরনের প্রবাহী ঘর্ষণ বল যা পৃথিবীর অভিকর্ষ বলের বিপরীতে ক্রিয়া করে। খোলা অবস্থায় প্যারাসুটের বাইরের তলের ক্ষেত্রফল অনেক বেশি হওয়ায় বায়ুর বাধার পরিমাণও বেশি হয়, ফলে আরোহীর পতনের গতি অনেক হ্রাস পায়। ফলে আরোহী ধীরে ধীরে মাটিতে নিরাপদে নেমে আসে।

প্রশ্ন ১৫ ৥ চাকার ব্যবহারে কীভাবে ঘর্ষণ কমে— ব্যাখ্যা কর।

উত্তর : আমরা জানি, বিসর্প ঘর্ষণের তুলনায় আবর্ত ঘর্ষণের মান কম। এই উদ্দেশ্যে চাকা আবিষ্কৃত হয়। বাস, ট্রাকসহ বিভিন্ন যন্ত্রপাতিতে চাকা লাগানো থাকে। চাকা হলো একটি সুকৌশল আবিষ্কার। চাকার বৃত্তাকার আকৃতি ঘর্ষণকে ন্যূনতম পর্যায়ে নামিয়ে আনে। সুটকেসে চাকা লাগানোর ফলে ঘর্ষণের মান কমে যায় এবং এটি টানা লাগানোর ফলে ঘর্ষণের মান কমে যায় এবং এটি টানা সহজতর হয়। অর্থাৎ চাকা লাগানোর ফলে আবর্ত ঘর্ষণের মান পিছলানো ঘর্ষণের তুলনায় অনেক কমে যায়।

গাণিতিক সমস্যা

গাণিতিক উদাহরণ ৩.১১ 50 kg ভরের একটি বস্তুর উপর কত বল প্রয়োগ করা হলে এর ত্বরণ 4 ms^{-2} হবে?

সমাধান :

এখানে,

বস্তুর ভর, $m = 50 \text{ kg}$

ত্বরণ, $a = 4 \text{ ms}^{-2}$

বল, $F = ?$

আমরা জানি,

$$F = ma$$

$$= 50 \text{ kg} \times 4 \text{ ms}^{-2}$$

$$= 200 \text{ kg ms}^{-2}$$

$$= 200 \text{ N}$$

নির্ণেয় ত্বরণ 200 N ।

গাণিতিক উদাহরণ ৩.২১ একটি বালক 50 N বল দ্বারা 20 kg ভরের একটি বস্তুকে ধাক্কা দেয়। বস্তুটির ত্বরণ কত হবে?

সমাধান :

এখানে,

বস্তুর ভর, $m = 20 \text{ kg}$

প্রযুক্ত বল, $F = 50 \text{ N}$

বস্তুর ত্বরণ, $a = ?$

আমরা জানি,

$$F = ma$$

$$\text{বা, } a = \frac{F}{m}$$

$$= \frac{50 \text{ N}}{20 \text{ kg}}$$

$$= 2.5 \text{ ms}^{-2}$$

অতএব, বস্তুটির ত্বরণ 2.5 ms^{-2} ।

গাণিতিক উদাহরণ ৩.৩১ 20 kg ভরের একটি বস্তুর উপর 2000 N বল 0.1 s সময়ব্যাপী কাজ করে। বস্তুর ভরবেগের পরিবর্তন কত হবে?

সমাধান :

এখানে,

প্রযুক্ত বল, $F = 2000 \text{ N}$

বলের ক্রিয়া কাল, $t = 0.1 \text{ s}$

ভরবেগের পরিবর্তন, $mv - mu = ?$

আমরা জানি,

ভরবেগের পরিবর্তন = বল \times সময়

$$mv - mu = Ft$$

$$= 2000 \text{ N} \times 0.1 \text{ s}$$

$$= 200 \text{ kg ms}^{-2} \text{ s}$$

$$= 200 \text{ kg ms}^{-1}$$

অতএব, ভরবেগের পরিবর্তন 200 kg ms^{-1} ।

গাণিতিক উদাহরণ ৩.৪ ৷ একটি বন্দুক থেকে 500 ms^{-1} বেগে 10 g ভরের একটি গুলি ছোড়া হলো। বন্দুকের ভর 2 kg হলে বন্দুকের পশ্চাৎ বেগ নির্ণয় কর।

সমাধান :

এখানে,

$$\text{গুলির ভর, } m_1 = 10 \text{ g}$$

$$= 10 \times 10^{-3} \text{ kg}$$

$$= 10^{-2} \text{ kg}$$

$$\text{বন্দুকের ভর, } m_2 = 2 \text{ kg}$$

$$\text{গুলির আদিবেগ, } u_1 = 0 \text{ ms}^{-1}$$

$$\text{বন্দুকের আদিবেগ, } u_2 = 0 \text{ ms}^{-1}$$

$$\text{গুলির শেষবেগ, } v_1 = 500 \text{ ms}^{-1}$$

$$\text{বন্দুকের পশ্চাৎ বেগ, } v_2 = ?$$

ধরা যাক গুলির বেগের দিক অর্থাৎ সম্মুখ দিক ধনাত্মক।

ভরবেগের সংরক্ষণ সূত্র থেকে আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } m_1 \times 0 \text{ ms}^{-1} + m_2 \text{ kg} \times 0 \text{ ms}^{-1}$$

$$= 10^{-2} \text{ kg} \times 500 \text{ ms}^{-1} + 2 \text{ kg} \times v_2$$

$$\text{বা, } v_2 = - \frac{5 \text{ kg ms}^{-1}}{2 \text{ kg}}$$

$$\therefore v_2 = - 2.5 \text{ ms}^{-1}$$

এখানে বন্দুকের বেগ ঋণাত্মক, অর্থাৎ বন্দুকটি পেছন দিকে গতিশীল হবে।

অতএব, বন্দুকের পশ্চাৎ বেগ 2.5 ms^{-1} ।

সমস্যা-৫ ৷ 15 kg ভরের কোনো বস্তুর উপর 105 N বল প্রযুক্ত হলে তার ত্বরণ কত হবে?

সমাধান : দেওয়া আছে,

$$\text{বল, } F = 105 \text{ N} = 105 \text{ kgms}^{-2}$$

$$\text{বস্তুটির ভর, } m = 15 \text{ kg}$$

$$\text{বস্তুটির ত্বরণ, } a = ?$$

আমরা জানি,

$$F = ma$$

$$\therefore a = \frac{F}{m} = \frac{105 \text{ kgms}^{-2}}{15 \text{ kg}}$$

নির্ণয়ে বস্তুটির ত্বরণ 7 ms^{-2} হবে।

সমস্যা-৬ ৷ 50 kg ভরের একটি স্থির বস্তুর উপর 100 N একটি বল ২ সেকেন্ড ধরে ক্রিয়া করে। এই সময় শেষে বস্তুটির বেগ কত হবে?

সমাধান : দেওয়া আছে,

$$\text{বল, } F = 100 \text{ N} = 100 \text{ kgms}^{-2}$$

$$\text{ভর, } m = 50 \text{ kg}$$

$$\text{সময়, } t = 2 \text{ s}$$

আদিবেগ, $u = 0$
বস্তুটির শেষবেগ, $v = ?$

আমরা জানি,

$$F = ma$$

$$\text{বা, } F = \frac{m \times (v - u)}{t} \left[\because a = \frac{v - u}{t} \right]$$

$$\text{বা, } 100 \text{ kgms}^{-2} = \frac{50 \text{ kg} \times (v - 0)}{2s}$$

$$\text{বা, } v = \frac{100 \text{ kgms}^{-2} \times 2s}{50 \text{ kg}}$$

$$\therefore v = 4 \text{ ms}^{-1}$$

অতএব, বস্তুটির শেষবেগ 4 ms^{-1} হবে।

সমস্যা ১৭ ১১ 10 g ভরের একটি বুলেট 300 ms^{-1} বেগে এক টুকরা কাঠের মধ্যে 4.5 cm প্রবেশ করে থেমে গেল। বাধাদানকারী বলের মান নির্ণয় কর এবং ঐ দূরত্ব যেতে বুলেটটির কত সময় লেগেছে?

সমাধান : দেওয়া আছে,

$$\text{আদিবেগ, } u = 300 \text{ ms}^{-1}$$

$$\text{ভর, } m = 10 \text{ g} = 0.01 \text{ kg}$$

$$\text{দূরত্ব, } s = 4.5 \text{ cm} = 0.045 \text{ m}$$

$$\text{শেষবেগ, } v = 0$$

$$\text{বাধাদানকারী বল, } F = ?$$

$$\text{প্রয়োজনীয় সময়, } t = ?$$

আমরা জানি,

$$v^2 = u^2 + 2as$$

$$\text{বা, } 0 = 300^2 \text{ m}^2\text{s}^{-2} + 2a \times 0.045 \text{ m}$$

$$\text{বা, } a = \frac{-90000 \text{ m}^2\text{s}^{-2}}{2 \times 0.045 \text{ m}}$$

$$\therefore a = -10^6 \text{ ms}^{-2}$$

$$\text{আবার, } F = ma$$

$$= 0.01 \text{ kg} \times (-10^6 \text{ ms}^{-2})$$

$$= -10^4 \text{ N}$$

আমরা জানি,

$$v = u + at$$

$$\text{বা, } 0 = 300 \text{ ms}^{-1} - 10^6 \text{ ms}^{-2} \times t$$

$$\text{বা, } t = \frac{300 \text{ ms}^{-1}}{10^6 \text{ ms}^{-2}}$$

$$\therefore t = 3 \times 10^{-4} \text{ s}$$

নির্ণয়ে বুলেটটির বাধাদানকারী বল 10^4 N এবং দূরত্ব অতিক্রম করতে সময় লেগেছে $3 \times 10^{-4} \text{ s}$

সমস্যা ১৮ ১১ 600 kg ভরের একখানি গাড়ি 20 ms^{-1} বেগে সরল পথে চলতে চলতে 1400 kg ভরের একখানি স্থির ট্রাকের সাথে ধাক্কা খেয়ে আটকে গেল। মিলিত গাড়ি দুটির বেগ কত হবে?

সমাধান : দেওয়া আছে,

গাড়ির ভর, $m_1 = 600 \text{ kg}$
ট্রাকের ভর, $m_2 = 1400 \text{ kg}$
গাড়ির আদিবেগ, $u_1 = 20 \text{ ms}^{-1}$
ট্রাকের আদিবেগ, $u_2 = 0$
মিলিত বেগ, $v = ?$

আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = v (m_1 + m_2)$$

বা, $600 \text{ kg} \times 20 \text{ ms}^{-1} + 1400 \text{ kg} \times 0$
 $= v(600 \text{ kg} + 1400 \text{ kg})$
বা, $12000 \text{ kgms}^{-1} + 0 = v \times 2000 \text{ kg}$
বা, $v = \frac{12000 \text{ kgms}^{-1}}{2000 \text{ kg}}$

$$\therefore v = 6 \text{ ms}^{-1}$$

অতএব, গাড়ি দুটির মিলিত বেগ 6 ms^{-1} ।

সমস্যা ৯ ৩ kg ভরের একটি বস্তু 2 ms^{-1} বেগে পূর্বদিকে চলছে। 1 kg ভরের অপর একটি বস্তু 2 ms^{-1} বেগে পশ্চিম দিকে চলছে। কোনো একটি সময় বস্তু দুটির মধ্যে সংঘর্ষের ফলে এরা মিলে এক হয়ে গেল। মিলিত বস্তুটি কোন দিকে কত বেগে চলবে?

সমাধান : দেওয়া আছে,

পূর্বদিকে গতিশীল বস্তুর ভর, $m_1 = 3 \text{ kg}$

পূর্বদিকে গতিশীল বস্তুর বেগ, $u_1 = 2 \text{ ms}^{-1}$

পশ্চিম দিকে গতিশীল বস্তুর ভর, $m_2 = 1 \text{ kg}$

পশ্চিম দিকে গতিশীল বস্তুর বেগ, $u_2 = -2 \text{ ms}^{-1}$

[$u_2 = -2 \text{ ms}^{-1}$ কারণ বস্তুদ্বয় পরস্পর বিপরীত দিক থেকে আগত]

মিলিত বেগ, $v = ?$

আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = v (m_1 + m_2)$$

বা, $3 \text{ kg} \times 2 \text{ ms}^{-1} + 1 \text{ kg} \times (-2 \text{ ms}^{-1}) = v (3 \text{ kg} + 1 \text{ kg})$
বা, $(6 - 2) \text{ kgms}^{-1} = v \times 4 \text{ kg}$
বা, $v = \frac{4 \text{ kgms}^{-1}}{4 \text{ kg}}$

$$\therefore v = 1 \text{ ms}^{-1}$$

এখন,

$$1 \text{ম বস্তুর ভরবেগ} = m_1 u_1 = 3 \text{ kg} \times 2 \text{ ms}^{-1}$$
$$= 6 \text{ kg ms}^{-1}$$

$$2 \text{য় বস্তুর ভরবেগ} = m_2 u_2$$
$$= 1 \text{ kg} \times 2 \text{ ms}^{-1}$$
$$= 2 \text{ kg ms}^{-1}$$

যেহেতু 1ম বস্তুর ভরবেগ $>$ 2য় বস্তুর ভরবেগ

অতএব, মিলিত বস্তুটি 1 ms^{-1} বেগে পূর্বদিকে চলবে।

সমস্যা ১০ ১ একটি 10 g ভরের গুলি 6 kg ভরের একটি বন্দুকের নল থেকে 300 ms^{-1} বেগে বেরিয়ে গেল। বন্দুকের পচাংকো বের কর।

সমাধান :

দেওয়া আছে,

$$\begin{aligned}\text{গুলির ভর, } m_1 &= 10\text{g} \\ &= 10 \times 10^{-3} \text{ kg} \\ &= 10^{-2} \text{ kg}\end{aligned}$$

বন্দুকের ভর, $m_2 = 6 \text{ kg}$

গুলির আদিবেগ, $u_1 = 0 \text{ ms}^{-1}$

বন্দুকের আদিবেগ, $u_2 = 0 \text{ ms}^{-1}$

গুলির শেষবেগ, $v_1 = 300 \text{ ms}^{-1}$

বন্দুকের পশ্চাৎ বেগ, $v_2 = ?$

আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } 0 + 0 = 10^{-2} \text{ kg} \times 300 \text{ ms}^{-1} + 6 \text{ kg} \times v_2$$

$$\text{বা, } v_2 = - \frac{3 \text{ kgms}^{-1}}{6 \text{ kg}}$$

$$\therefore v_2 = -0.5 \text{ ms}^{-1}$$

রাইফেলের বেগ ঋণাত্মক। অর্থাৎ গুলির বেগ যেদিকে, রাইফেলের বেগ তার বিপরীত দিকে।

নির্ণয়ে বন্দুকের পশ্চাৎ বেগ 0.5 ms^{-1} ।

সমস্যা ১১ ১২ g ভরের একটি বুলেট 300 ms^{-1} বেগে এক টুকরা কাঠের মধ্যে 4.5 cm প্রবেশ করে থেমে গেল। বাধাদানকারী বলের মান নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে,

$$\text{বুলেটের আদিবেগ, } u = 300 \text{ ms}^{-1}$$

$$\text{বুলেটের ভর, } m = 12 \text{ g}$$

$$= 0.012 \text{ kg}$$

$$\text{অতিক্রান্ত দূরত্ব, } s = 4.5 \text{ cm} = 0.045 \text{ m}$$

$$\text{শেষবেগ, } v = 0$$

$$\text{বাধাদানকারী বল, } F = ?$$

আমরা জানি,

$$v^2 = u^2 + 2as$$

$$\text{বা, } 0 = (300 \text{ ms}^{-1})^2 + 2a \times 0.045 \text{ m}$$

$$\text{বা, } a = \frac{-90000 \text{ m}^2\text{s}^{-2}}{2 \times 0.045 \text{ m}} = -10^6 \text{ ms}^{-2}$$

$$\text{বা, } F = ma$$

$$= 0.012 \text{ kg} \times (-10^6 \text{ ms}^{-2}) = -1.2 \times 10^4 \text{ N}$$

নির্ণয়ে বাধাদানকারী বলের মান $1.2 \times 10^4 \text{ N}$ ।

সমস্যা ১১ ১২ একটি বন্দুক হতে 1 kms^{-1} বেগে 10 g ভরের একটি বুলেট ছোড়া হলো। বন্দুকের ভর যদি 2 kg হয় তবে এর পশ্চাৎ বেগ কত হবে?

সমাধান :

দেওয়া আছে

$$\text{গুলির ভর, } m_1 = 10 \text{ g}$$

$$= 10 \times 10^{-3} \text{ kg}$$

$$= 10^{-2} \text{ kg}$$

$$\text{বন্দুকের ভর, } m_2 = 2 \text{ kg}$$

গুলির আদিবেগ, $u_1 = 0$

বন্দুকের আদিবেগ, $u_2 = 0$

গুলির শেষবেগ, $v_1 = 1 \text{ kms}^{-1} = 1000 \text{ ms}^{-1}$

বন্দুকের পশ্চাৎবেগ, $v_2 = ?$

আমরা জানি,

$$m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$$

$$\text{বা, } 10^{-2}\text{kg} \times 0 + 2 \text{ kg} \times 0$$

$$= 10^{-2}\text{kg} \times 1000 \text{ ms}^{-1} + 2 \text{ kg} \times v_2$$

$$\text{বা, } 2 \text{ kg} \times v_2 = - 10^{-2} \text{ kg} \times 1000 \text{ ms}^{-1}$$

$$\therefore v_2 = \frac{-10 \text{ kg ms}^{-1}}{2\text{kg}} = - 5 \text{ ms}^{-1}$$

রাইফেলের বেগ ঋণাত্মক। অর্থাৎ গুলির বেগ যেদিকে রাইফেলের বেগ তার বিপরীত দিকে।

নির্ণেয় পশ্চাৎ বেগ 5 ms^{-1} ।

সমস্যা ১১ ১৩ ১৪ ১৫ ভরের একটি বস্তু 4 ms^{-1} বেগে উত্তর দিকে চলছে। 2 kg ভরের অপর একটি বস্তু 2 ms^{-1} বেগে দক্ষিণ দিকে চলছে। কোনো এক সময় বস্তু দুইটির সংঘর্ষের ফলে এরা মিলে এক হয়ে গেল। মিলিত বস্তু কোন দিকে কত বেগে চলবে?

সমাধান : দেওয়া আছে,

উত্তর দিকে গতিশীল বস্তুর ভর, $m_1 = 4 \text{ kg}$

উত্তর দিকে গতিশীল বস্তুর বেগ, $u_1 = 4 \text{ ms}^{-1}$

দক্ষিণ দিকে গতিশীল বস্তুর ভর, $m_2 = 2 \text{ kg}$

দক্ষিণ দিকে গতিশীল বস্তুর বেগ, $u_2 = - 2 \text{ ms}^{-1}$

[এখানে, u_2 ঋণাত্মক ধরা হয়েছে, কারণ বস্তুদ্বয় পরস্পর বিপরীত দিক হতে আগত]

বস্তুদ্বয়ের মিলিত বেগ, $v = ?$

আমরা জানি,

$$m_1u_1 + m_2u_2 = v(m_1 + m_2)$$

$$\text{বা, } 4 \text{ kg} \times 4 \text{ ms}^{-1} + 2 \text{ kg} \times (- 2 \text{ ms}^{-1})$$

$$= v (4 \text{ kg} + 2 \text{ kg})$$

$$\text{বা, } (16 - 4) \text{ kg ms}^{-1} = v \times 6 \text{ kg}$$

$$\text{বা, } 6 v \text{ kg} = 12 \text{ kg ms}^{-1}$$

$$\text{বা, } v = \frac{12 \text{ kgms}^{-1}}{6 \text{ kg}}$$

$$\therefore v = 2 \text{ ms}^{-1}$$

যেহেতু বেগের দিক ধনাত্মক সুতরাং মিলিত বস্তুটি 2 ms^{-1} বেগে

উত্তর দিকে চলবে

BOARD QUESTION

ঢাকা বোর্ড ২০২২

10 kg ভরের একটি বস্তু স্থির অবস্থায় আছে। এর উপর 5 sec যাবৎ 10 N বল প্রয়োগ করা হলো। এরপর বস্তুটি 5 sec

যাবৎ সমবেগে চলবে। আবার 10 sec যাবৎ 5 N বল প্রয়োগ করা হলো।

ক. আবর্ত ঘর্ষণক্ষাকে বলে?

- খ. ভর হচ্ছে জড়তার পরিমাপ।— ব্যাখ্যা কর। ২
- গ. প্রথম ১০ ত্বপ এ উক্ত বস্তু দ্বারা অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের তথ্য অনুযায়ী বেগ বনাম সময় গ্রাফ অঙ্কন করে বস্তুর গতি বিশ্লেষণ কর। ৪

যশোর বোর্ড ২০২২

- একজন অন্ধব্যক্তি রাস্তা ক্রস করার জন্য ফুটপাথে দাঁড়িয়ে ছিলো। একটি গাড়ি ৩৬ শস ঘ^{-১} সমবেগে আসতে দেখে যা়ের ত্বরণে দৌড় দিয়ে অন্ধব্যক্তিকে ধরতে যায়। উক্ত সময়ের মধ্যে অন্ধব্যক্তি শফিকের থেকে আরও 1 মিটার সরে গেছে।
- ক. স্ফেলার রাশি কাকে বলে? ১
- খ. উপরের দিকে নিষ্কিষ্ট কোনো টিলের উত্থান ও পতনের সময় সমান কেন? ব্যাখ্যা কর। ২
- গ. গাড়িটি 10 মিটার যেতে কত সময় লাগবে? নির্ণয় কর। ৩
- ঘ. অন্ধব্যক্তি থেকে গাড়িটি 100 মিটার দূরে থাকলে শফিক গাড়িটি আসার পূর্বে অন্ধব্যক্তির কাছে পৌঁছাবে কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

কুমিল্লা বোর্ড ২০২২

- 180 km h⁻¹ বেগে লস্তু 1000 kg ভরের একটি বাস 62 m দূরে একজন পথারীকে দেখে সাথে সাথে ব্রেক পে দিলেন। ঐত বাসটি পথারীর 200 cm সামনে এসে থেমে গেল।
- ক. ভরবেগের সংরক্ষণ সূত্রটি লিখ। ১
- খ. ঘর্ষণ আমাদের জীবনের জন্য খুবই প্রয়োজনীয়— ব্যাখ্যা কর। ২
- গ. বাসটির ব্রেকজনিত বলের মান নির্ণয় কর। ৩
- ঘ. সর্বোচ্চকত আদিবেগে এবং একই মন্দনে ব্রেক পে স্তপ দুর্ঘটনা এড়ানো সম্ভব— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

সিলেট বোর্ড ২০২১

- 58.8 N ওজনের একটি বস্তুকে 2 N ঘর্ষণ বল যুক্ত কোনো মেঝেতে 10 s যাবৎ বল প্রয়োগ করে 50 m দূরত্বে নেওয়া হলো। এরপর বল সরিয়ে নেওয়ায় ঘর্ষণ বলের কারণে কিছুক্ষণ পর বস্তুটি থেমে গেল।
- ক. জড়তা কী? ১
- খ. মন্দন লঙ্ক রাশি কেন? ২
- গ. উদ্দীপকের বস্তুর উপর প্রযুক্ত বলের মান নির্ণয় কর। ৩
- ঘ. বল সরিয়ে নেওয়ার পর কত দূরত্বে বস্তুটি থেমেছিল? ৪

বরিশাল বোর্ড ২০২১

- 4000 kg ভরবিশিষ্ট একটি খালি ট্রাক 20 m s⁻¹ বেগে ইট ৭ }
বোঝাই 13000 kg ভরের একটি স্থির ট্রাকের সাথে সংঘর্ষ ঘটে।
এতে খালি ট্রাকটিই বেশি ক্ষতিগ্রস্ত হয়।
- ক. জড়তা কাকে বলে? ১
- খ. মুক্তভাবে পড়ন্ত বস্তুর ক্ষেত্রে ক্রমান্বয়ে বেগ বৃদ্ধি পায় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. খালি ট্রাকটি কত শক্তিতে স্থির ট্রাককে আঘাত করে? ৩
- ঘ. খালি ট্রাকটি বেশি ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

১. ঢাকা বোর্ড ২০২০

স্থির অবস্থায় থাকা 5 kg ভরের একটি বস্তুর উপর 5 N বল 4 s ধরে কাজ করছে। তার 4 s পরে 10 N বল আবার 4 s ধরে কাজ করছে।

- ক. তরঙ্গ কাকে বলে? ১
খ. সমতল দর্পণে সৃষ্ট প্রতিবিম্বের বৈশিষ্ট্যগুলো লিখ। ২
গ. বস্তুর প্রথম ৪ s এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে বেগ-সময় লেখচিত্র এঁকে বস্তুর গতি বিশ্লেষণ কর। ৪

১ নং প্রশ্নের উত্তর

ক. যে পর্যাবৃত্ত আন্দোলন কোনো জড় মাধ্যমের এক স্থান থেকে অন্য স্থানে শক্তি সঞ্চালিত করে কিন্তু মাধ্যমের কণাগুলোকে স্থায়ীভাবে স্থানান্তরিত করে না তাকে তরঙ্গ বলে।

খ. সমতল দর্পণে সৃষ্ট বিম্বের নিম্নোক্ত বৈশিষ্ট্যসমূহ রয়েছে:

১. দর্পণ থেকে বস্তুর দূরত্ব যত, দর্পণ থেকে বিম্বের দূরত্ব ততো।
২. বস্তু ও বিম্ব যে সরলরেখায় অবস্থিত, সেটি দর্পণকে লম্বভাবে ছেদ করে।
৩. বিম্ব অসদ ও সোজা।
৪. বিম্বের পার্শ্ব পরিবর্তন ঘটে।
৫. বিম্বের আকার বস্তুর আকারের সমান।

গ. ১ম 4 s এ ক্রিয়াশীল ত্বরণ,
এখানে,

বস্তুর ভর, $m = 5 \text{ kg}$

১ম বল, $F_1 = 5N$

১ম সময়, $t_1 = 4s$

২য় সময়, $t_2 = 4s$

আদিবেগ, $u = 0$

$$a_1 = \frac{F_1}{m} = \frac{5N}{5kg} = 1ms^{-2}$$

আমরা জানি, $s_1 = ut_1 + \frac{1}{2}a_1t_1^2$

$$= 0 + \frac{1}{2} \times 1ms^{-2} \times (4s)^2$$

$$= 8m$$

১ম 4 s পর বস্তুর বেগ, $v = u + a_1t_1$

$$= 0 + 1ms^{-2} \times 4s$$

$$= 4ms^{-1}$$

বস্তুটি ২য় 4 s এই বেগে চলবে

$$\therefore s_2 = vt_2 = 4ms^{-1} \times 4s = 16m$$

\(\therefore\) উদ্দীপকের বস্তুর প্রথম 8 s এ অতিক্রান্ত দূরত্ব,

$$s = s_1 + s_2 = 8m + 16m = 24m$$

ঘ. 'গ' হতে পাই, ১ম 4s এ বস্তুর ত্বরণ, $a_1 = 1ms^{-2}$ এবং ১ম 4s পর বস্তুর বেগ, $v = 4ms^{-1}$ । এই বেগ নিয়ে বস্তুটি ২য় 4s চলবে।

এখানে,

বল, $F_2 = 10N$

বস্তুর ভর, $m = 5kg$


উদ্দীপক অনুসারে, ৩য় 4s এ

$$\begin{aligned} \text{বস্তুটির ত্বরণ, } a_2 &= \frac{F_2}{m} \\ &= \frac{10N}{5kg} \\ &= 2ms^{-2} \end{aligned}$$

৩য় সময়, $t_3 = 4s$

$$\begin{aligned} 12s \text{ পর বস্তুটির বেগ, } v' &= v + a_2 t_3 \\ &= 4ms^{-1} + 2ms^{-2} \times 4s \\ &= 12ms^{-1} \end{aligned}$$

বস্তুটির বেগ বনাম সময় লেখচিত্রটি নিম্নরূপ-



বস্তুটি স্থির অবস্থা থেকে যাত্রা শুরু করে ১ম ৪s $1ms^{-2}$ সমত্বরণে চলে। পরবর্তী ৪s বস্তুটি $4ms^{-1}$ সমবেগে চলে। পরবর্তী ৪s বস্তুটি $2ms^{-2}$ সমত্বরণে চলে ১২s পর $12ms^{-1}$ বেগ প্রাপ্ত হবে।

২. রাজশাহী বোর্ড ২০২০

১mg ভরের ১ ফোঁটা পানি ২০m উপর থেকে বাতাসের বাধা অতিক্রম করে $15ms^{-1}$ বেগে ভূমিতে পতিত হয়। $[g=9.8ms^{-2}]$

- ক. ভার্নিয়ার ধ্রুবক কাকে বলে? ১
- খ. পাহাড় থেকে নিচে নামা অপেক্ষা পাহাড়ের উপরে উঠা কষ্টকর কেন- বুঝিয়ে লিখ। ২
- গ. পানির ফোঁটাটি ভূমিতে পতিত হতে প্রয়োজনীয় সময় নির্ণয় কর। ৩
- ঘ. গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও যে, পানির ফোঁটাটির ওজন বাতাসের বাধাজনিত বর অপেক্ষা বেশি। ৪

২ নং প্রশ্নের উত্তর

ক. প্রধান স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের চেয়ে ভার্নিয়ার স্কেলের একভাগ কতটুকু ছোট তার পরিমাণকে ভার্নিয়ার ধ্রুবক বলে।

খ. পাহাড় বেয়ে উপরে উঠতে দেহের অভিকর্ষ বলের বিরুদ্ধে কাজ করতে হয়। ফলে অভিকর্ষ বলের বিপরীতে বল প্রয়োগ করে পাহাড়ে উঠতে হয়। তাছাড়া উপরে উঠার সময় প্রতিনিয়ত আরোহীর মধ্যে বিভব শক্তি জমা জমা হতে থাকে। এ কারণে পাহাড় বেয়ে উপরে উঠতে দেহে বেশি ক্লান্তি লাগে। কিন্তু নামার সময় দেহের কোনো বল প্রয়োগ করতে হয় না। এক্ষেত্রে অভিকর্ষজ বল দ্বারা ই কাজ সম্পাদিত হয়। তাছাড়া নিচে নামার সময় দেহের মধ্যে সঞ্চিত বিভবশক্তি কমতে তাকে। ফলে নামার সময় দেহের তত ক্লান্তি লাগে না। এ কারণে পাহাড় থেকে নিচে নামা অপেক্ষা পাহাড়ের উপরে উঠা কষ্টকর।

গ. ধরি, ফোঁটাটি a ত্বরণে t সময়ে নিচে পতিত হয়।

এখানে,

$$\text{আদিবেগ, } u = 0ms^{-1}$$

$$\text{শেষবেগ, } v = 15ms^{-1}$$

$$\therefore h = ut + \frac{1}{2}at^2$$

$$\text{বা, } 20m = 0 + \frac{1}{2}a \times t^2$$

$$\text{বা, } 20m = \frac{1}{2}at \times t \dots \dots \dots (i)$$

$$\text{আবার, } v = u + at$$

$$\text{বা, } v = 0 + at$$

$$\therefore at = v$$

at এর মান (i) নং এ বসিয়ে,

$$20m = \frac{1}{2} \times vt$$

$$\text{বা, } t = \frac{2 \times 20m}{v} = \frac{2 \times 20m}{15ms^{-1}} = 2.67s$$

অতএব, পানির ফোঁটাটি ভূমিতে পতিত হতে 2.67 s সময় লাগে।

ঘ. 'গ' হতে পাই, পানির ফোঁটাটির ভূমিতে পতিত হতে প্রয়োজনীয় সময়, $t=2.67 s$

এখন, ফোঁটাটি a ত্বরণে নিচে পতিত হলে,

এখানে,

$$V = u+at$$

$$\text{বা, } 15ms^{-1} = 0 + a \times 2.67s$$

$$\text{বা, } a = \frac{15ms^{-1}}{2.67s}$$

$$\therefore a = 5.625ms^{-2}$$

অতএব, বাতাসের বাধাজনিত ত্বরণ, $a' = g - a$

$$= 9.8ms^{-2} - 5.625ms^{-2}$$

$$= 4.175ms^{-2}$$

\therefore বাতাসের বাধাজনিত বল, $F' = ma'$

$$= 10^{-3} kg \times 4.175ms^{-2}$$


$$= 4.175 \times 10^{-3} N$$

ফোঁটাটির ওজন, $W = mg = 10^{-3} kg \times 9.8ms^{-2} = 9.8 \times 10^{-3} N$


গাণিতিক বিশ্লেষণ হতে দেখা যাচ্ছে যে, $W > F'$

অর্থাৎ পানির ফোঁটাটির ওজন বাতাসের বাধাজনিত বল অপেক্ষা বেশি।

৩. চট্টগ্রাম বোর্ড ২০২০



চিত্র-১: M বস্তুতে একটি ওজন ঝুলিয়ে দেওয়া হয়েছে।



চিত্র-২ : একটি গাড়ির বেগ-সময় লেখচিত্র

চিত্র-২ : একটি গাড়ির বেগ-সময় লেখচিত্র

- ক. সাম্যবল কাকে বলে? ১
- খ. কাঁদায়ুক্ত রাস্তায় হাঁটা অসুবিধাজনক কেন? ২
- গ. ২নং চিত্র অনুযায়ী গাড়িটির ২০ সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩
- ঘ. ১নং চিত্র অনুযায়ী M বস্তুটির উপর P বস্তুর বলের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩ নং প্রশ্নের উত্তর

ক. কোনো বস্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলের লব্ধি শূন্য হয় অর্থাৎ বস্তুটি সাম্যাবস্থায় থাকে, তবে ঐ বলগুলোকে সাম্যবল বলে।

খ. রাস্তায় হাঁটার সময় রাস্তা ও পায়ের তলার মধ্যে যে ঘর্ষণ বল তৈরী হয় তার জন্য আমরা চলতে পারি। কিন্তু রাস্তা কাঁদায়ুক্ত হলে রাস্তা ও পায়ের তলার মধ্যকার ঘর্ষণ বল হ্রাস পায়। এর ফলে কাঁদায়ুক্ত রাস্তায় আমরা পিছলে যাই। তাই কাঁদায়ুক্ত রাস্তায় হাঁটা অসুবিধাজনক।

গ. উদ্দীপকের ২নং চিত্র অনুসারে,

১ম 10s এ গাড়িটির ত্বরণ,

এখানে,

আদিবেগ, $u = 0$

সময়, $t_1 = 10$ s

আমরা জানি,

$$a = \frac{(150-0)ms^{-1}}{10s} = 15ms^{-2}$$

১ম 10 s এ গাড়িটির অতিক্রান্ত দূরত্ব,

$$s_1 = ut_1 + \frac{1}{2} at_1^2$$

$$= 0 \times 10s + \frac{1}{2} \times 15 ms^{-2} \times (10s)^2$$

$$= 750 m$$

পরবর্তী 10 s এ গাড়িটির অতিক্রান্ত দূরত্ব,

$$s_2 = vt_2$$
$$= 150 ms^{-1} \times 8 s$$

$$= 1500 m$$

উদ্দীপকের ২নং চিত্র অনুযায়ী, গাড়িটির ২০ সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $s = s_1 + s_2 = 750m + 1500m = 2250m$

ঘ. ধরি, সুতার টান T এবং P বস্তুটির বল তথা ওজন W ও তাদের সাধারণ ত্বরণ, a

এখানে, M বস্তুর ভর, $m_1 = 2kg$

P বস্তুর ভর, $m_2 = 3kg$

অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8ms^{-2}$

$$\therefore T = m_1 a \dots \dots \dots (i)$$

$$W - T = m_2 a \dots \dots \dots (ii)$$

$$\text{বা, } m_2 g - m_1 a = m_2 a$$

$$\text{বা, } a(m_1 + m_2) = m_2 g$$

$$\text{বা, } a = \frac{m_2 g}{m_1 + m_2} = \frac{3Kg \times 9.8ms^{-2}}{2kg + 3kg} = 5.88ms^{-2}$$

$$\therefore a = 5.88ms^{-2}$$

অতএব, গাণিতিক বিশ্লেষণে দেখা যাচ্ছে, M বস্তুটি P বলের প্রভাবে $5.88 ms^{-2}$ ত্বরণে কপিকলের দিকে গতিশীল হবে।

৪. সিলেট বোর্ড ২০২০

একটি 5000kg ভরের গাড়ি স্থির অবস্থান থেকে যাত্রা শুরু করে 50s এ বেগ 10 মিটার/সেকেন্ড হয়। এ ত্বরণে 1km চলার পর 6000kg ভরের একটি স্থির গাড়ির সাথে সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষের পর গাড়ি দুটি একত্রে 9 মিটার/সেকেন্ড বেগে চলতে থাকে।

ক. পড়ন্ত বস্তুর ২য় সূত্রটি লিখ।

১

খ. গতিশীল বস্তুর অতিক্রান্ত দূরত্ব শূন্য হয় না কিন্তু সরণ শূন্য হতে

পারে - ব্যাখ্যা কর।

২

গ. গাড়িটির ত্বরণ নির্ণয় কর।

৩

ঘ. সংঘর্ষের ফলে গাড়ি দুটির ভরবেগের পরিবর্তন সমান ও বিপরীত না হওয়ার কারণ বিশ্লেষণ কর।

৪

৪ নং প্রশ্নের উত্তর

ক. পড়ন্ত বস্তুর ২য় সূত্রটি হলো- স্থির অবস্থান থেকে বিনা বাধায় মুক্তভাবে পড়ন্ত বস্তু নির্দিষ্ট সময়ে যে বেগ প্রাপ্ত হয় তা ঐ সময়ের সমানুপাতিক।

খ. আমরা জানি, সরণ হচ্ছে নির্দিষ্ট দিকে বস্তুর অতিক্রান্ত দূরত্ব। এটি বস্তুর আদি ও শেষ অবস্থানের মধ্যে রৈখিক দূরত্ব নির্দেশ করে। ফলে সরণ বস্তুর গতিপথের উপর নির্ভর করে না। অন্যদিকে দূরত্ব হচ্ছে বস্তুর অতিক্রান্ত পথের দৈর্ঘ্য। এটি গতিপথের উপর নির্ভর করে। এ কারণে বস্তু বৃত্তাকার পথে সম্পূর্ণ পথ ঘুরে পূর্বের অবস্থানে আসলে এর সরণ শূন্য হয়। কিন্তু এর দূরত্ব হয় বৃত্তাকার পথের পরিধি। অতএব, বলা যায়, গতিশীল বস্তুর অতিক্রান্ত দূরত্ব শূন্য হয় না কিন্তু সরণ শূন্য হতে পারে।

গ.

এখানে,

$$\text{সময়, } t=50\text{s}$$

$$\text{ত্বরণ, } a=?$$

আমরা জানি,

$$a = \frac{v - u}{t}$$

আদিবেগ, $u=0\text{ms}^{-1}$

$$= \frac{10\text{ms}^{-1} - 0\text{ms}^{-1}}{50\text{s}}$$

$$= 0.2\text{ms}^{-2}$$

শেষবেগ, $v=10\text{ms}^{-1}$

অতএব, উদ্দীপকের গাড়িটির ত্বরণ 0.2ms^{-2} ।

ঘ. এখানে,

সংঘর্ষের পর মিলিত বেগ, $v'=9\text{ms}^{-1}$

১ম গাড়ির ভর, $m_1=5000\text{kg}$

২য় গাড়ির ভর, $m_2=6000 \text{kg}$

'গ' হতে পাই, ১ম গাড়িটির ত্বরণ, $a= 0.2\text{ms}^{-2}$

আমরা জানি, $v^2 = u^2 + 2as$

$$\text{বা, } v = \sqrt{0 + 2 \times 0.2\text{ms}^{-2} \times 1000\text{m}}$$

$$\therefore v = 20\text{ms}^{-1}$$

১ম গাড়িটির ভরবেগের পরিবর্তন,

$$\begin{aligned}\Delta P_1 &= m_1(v - v') \\ &= 5000 \times (20 - 9)\text{kgms}^{-1} \\ &= 55000\text{kgms}^{-1}\end{aligned}$$

২য় গাড়ির ভরবেগের পরিবর্তন,

$$\begin{aligned}\Delta P_2 &= m_{12}(v' - 0) \\ &= 6000 \times (9\text{ms}^{-1} - 0) \\ &= 54000\text{kgms}^{-1}\end{aligned}$$

এর দিক ১ম গাড়ির গতির দিকে

দেখা যাচ্ছে, $\Delta P_1 \neq \Delta P_2$ এবং ভরবেগের পরিবর্তন একই দিকে।

এখন, ভরবেগের সংরক্ষণ সূত্রানুযায়ী গাড়ি দুটির মিলিত বেগ v'' হলে,

$$m_1u_1 + m_2u_2 = (m_1 + m_2)v''$$

$$\begin{aligned} \text{বা, } v'' &= \frac{m_1 u_1 + m_2 u_2}{m_1 + m_2} \\ &= \frac{5000kg \times 20ms^{-1} + 6000kg \times 0}{5000kg + 6000kg} \\ &= \frac{100}{11} ms^{-1} = 9.091ms^{-1} \end{aligned}$$

আবার, সংঘর্ষের পূর্বে মোট গতিশক্তি,

$$\begin{aligned} T_1 &= \frac{1}{2} m_1 v^2 + \frac{1}{2} m_2 \times 0^2 \\ &= \frac{1}{2} \times 5000kg \times (20ms^{-1})^2 = 1 \times 10^6 J \end{aligned}$$

সংঘর্ষের পর মোট গতিশক্তি,

$$\begin{aligned} &= \frac{1}{2} (m_1 + m_2) v'^2 \\ T_2 &= \frac{1}{2} \times (5000 + 6000)kg \times (9ms^{-1})^2 \\ &= 445500J \end{aligned}$$

এখানে, $T_1 \neq T_2$ অর্থাৎ, সংঘর্ষটি স্থিতিস্থাপক নয়।

অতএব, উদ্দীপকের তথ্যানুযায় গাড়ি দুটির মিলিত বেগ ভরবেগের সংরক্ষণ সূত্রানুযায়ী প্রাপ্ত গাড়ি দুটির মিলিত বেগের সমান নয় এবং সংঘর্ষটি স্থিতিস্থাপক নয় বলে সংঘর্ষের ফলে গাড়ি দুটির ভরবেগের পরিবর্তন সমান ও বিপরীতমুখী হয় নি।

৫. বরিশাল বোর্ড ২০২০


একজন সাইকেল আরোহী $6 ms^{-2}$ ত্বরণে স্থির অবস্থা থেকে যাত্রা শুরু করল। 5 s পর সে ত্বরণ বন্ধ করে দিল। এর 10 s পর 150m দূরে একটি স্পিড ব্রেকার দেখে $3 ms^{-2}$ মন্দনে ব্রেক করল।

- ক. পিছলানো ঘর্ষণ কাকে বলে? ১
- খ. “গড়বেগ শূন্য হলেও গড় দ্রুতি শূন্য নাও হতে পারে”- ব্যাখ্যা কর। ২
- গ. ব্রেক প্রয়োগ করার পূর্বে সাইকেল আরোহী কত দূরত্ব অতিক্রম করবে? নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের আলোকে বাইসাইকেলের গতির উপর ঘর্ষণের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫ নং প্রশ্নের উত্তর

ক. একটি বস্তু যখন অন্য কোনো বস্তু তথা তলের উপর দিয়ে পিছলিয়ে বা ঘষে চলতে চেষ্টা করে বা চলে তখন যে ঘর্ষণের সৃষ্টি হয় তাকে পিছলানো ঘর্ষণ বলে।

খ. নির্দিষ্ট সময় ব্যবধানে কোনো বস্তু নির্দিষ্ট দিকে গড়ে একক সময়ে যে দূরত্ব অতিক্রম করে, তাই বস্তুর গড় বেগ। অন্যদিকে, নির্দিষ্ট সময় ব্যবধানে একক সময়ে কোনো বস্তুর গড় অতিক্রান্ত দূরত্বই তার গড় দ্রুতি। বেগ একটি ভেক্টর রাশি বিধায় এটি ধনাত্মক ও ঋণাত্মক উভয়ই হতে পারে। ফলে নির্দিষ্ট সময় ব্যবধানে গড় বেগ শূন্য হতে পারে। কিন্তু দ্রুতি একটি অঋণাত্মক রাশি হওয়ায় একটি নির্দিষ্ট সময় পরিসরে বস্তুটি স্থির অবস্থানে না থাকলে এর মান কখনোই শূন্য হতে পারে না। তাই যে ক্ষেত্রে একটি বস্তুর গড় বেগ শূন্য হয়, সেক্ষেত্রে তার গড় দ্রুতি শূন্য নাও হতে পারে।



উপরের চিত্রে ABCDA পথে বস্তুটির লব্ধি সরণ শূন্য হওয়ায় গড় বেগ শূন্য, কিন্তু মোট অতিক্রান্ত দূরত্ব শূন্য না হওয়ায় এর গড় দ্রুতি শূন্য নয়।

গ. সাইকেল আরোহী ব্রেক প্রয়োগ করার পূর্বে ১ম 5s সমত্বরণে এবং পরবর্তী 10s সমবেগে চলবে।

∴ ১ম 5s এ অতিক্রান্ত দূরত্ব,
এখানে,

১ম সময়, $t_1 = 5s$

২য় সময়, $t_2 = 10s$

আদিবেগ, $u = 0ms^{-1}$

ত্বরণ, $a = 6ms^{-2}$

$$\begin{aligned} s_1 &= ut_1 + \frac{1}{2} at_1^2 \\ &= 0 + \frac{1}{2} \times 6 ms^{-2} \times (5s)^2 \\ &= 75 m \end{aligned}$$

১ম 5s পর বেগ, $v = u + a t_1$

$$\begin{aligned} &= 0 + 6ms^{-2} \times 5s \\ &= 30ms^{-1} \end{aligned}$$

সাইকেল পরবর্তী 10s এই বেগে চলবে

২য় 10s এ অতিক্রান্ত দূরত্ব,

$$\begin{aligned} s_2 &= vt_2 \\ &= 30 ms^{-1} \times 10 s \\ &= 300 m \end{aligned}$$

∴ ব্রেক প্রয়োগ করার পূর্বে সাইকেল আরোহীর অতিক্রান্ত দূরত্ব,

$$s = s_1 + s_2 = 75m + 300m = 375m$$

ঘ. 'গ' হতে পাই, ব্রেক প্রয়োগ করার মুহূর্তে সাইকেলের বেগ, $v = 30ms^{-1}$

ব্রেকজনিত মন্দন, $a' = 3ms^{-2}$

স্পীড ব্রেকারের দূরত্ব, $s = 150m$


ধরি, ব্রেকের ঘর্ষণের দরুন সাইকেলটি s' দূরত্ব অতিক্রম করে থেমে যাবে।

$$\therefore 0^2 = v^2 - 2a's'$$

$$\begin{aligned} \text{বা, } s' &= \frac{v^2}{2a'} \\ &= \frac{(30ms^{-1})^2}{2 \times 3ms^{-2}} \\ &= 150m \end{aligned}$$

দেখা যাচ্ছে, $s' = s$ অর্থাৎ সাইকেলটি স্পীড ব্রেকার এর উপর গিয়ে থেমে যাবে। ফলে আরোহী নিরাপদ থাকবে। অতএব, উদ্দীপকের আলোকে বলা যায়, বাইসাইকেল এর গতির উপর ঘর্ষণ এর প্রভাব ইতিবাচক।

৬. দিনাজপুর বোর্ড ২০২০



ক. আবর্ত ঘর্ষণ কাকে বলে?

খ. স্থির অবস্থান থেকে কোনো বস্তু নিচের দিকে পড়তে থাকলে বেগের পরিবর্তন হয় কেন? ২

গ. ২নং চিত্র অনুযায়ী গাড়িটির 20sec এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. ১নং চিত্র অনুযায়ী M বস্তুটির উপর P বস্তুর বলের প্রভাব বিশ্লেষণ কর। ৪


৬ নং প্রশ্নের উত্তর

ক. একটি বস্তু অপর একটি তলের উপর দিয়ে গড়িয়ে চলার সময় গতির বিরুদ্ধে যে ঘর্ষণ ক্রিয়া করে তাকে আবর্ত ঘর্ষণ বলে।

খ. স্থির অবস্থান থেকে কোনো বস্তু নিচের দিকে পড়তে থাকলে বস্তুটির উপর অভিকর্ষজ ত্বরণ ক্রিয়া করে। আর, অভিকর্ষজ বলের প্রভাবে পড়ন্ত বস্তুর বেগ বৃদ্ধির হারই হলো অভিকর্ষজ ত্বরণ। এখান থেকে স্পষ্ট যে, স্থির অবস্থান থেকে কোনো বস্তু নিচের দিকে পড়তে থাকলে এর বেগ বৃদ্ধি পায়। পড়ন্ত বস্তুর ২য় সূত্রের বলা হয়েছে, বিনা বাধায় পড়ন্ত বস্তুর বেগ, সময়ের সমানুপাতিক। অর্থাৎ সময় বাড়লে বেগ বৃদ্ধি পায়। অতএব, আমরা বলতে পারি যে, স্থির অবস্থান থেকে কোনো বস্তু নিচে পড়তে থাকলে বেগের পরিবর্তন হয়।

গ. সৃজনশীল প্রশ্ন ৩(গ) নং উত্তর দৃষ্টব্য।

ঘ. ধরি, সুতার টান T এবং P বস্তুটির বল তথা ওজন W ও তাদের সাধারণ ত্বরণ a



এখানে, M বস্তুর ভর, $m_1 = 5kg$

P বস্তুর ভর, $m_2 = 7kg$

অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8ms^{-2}$

$$\therefore T = m_1 a \dots \dots \dots (i)$$

$$W - T = m_2 a \dots \dots \dots (ii)$$

$$\text{বা, } m_2 g - m_1 a = m_2 a$$

$$\text{বা, } a(m_1 + m_2) = m_2 g$$

$$\text{বা, } a = \frac{m_2 g}{m_1 + m_2} = \frac{7Kg \times 9.8ms^{-2}}{5kg + 7kg} = 5.72ms^{-2}$$

$$\therefore a = 5.72ms^{-2}$$

অতএব, গাণিতিক বিশ্লেষণে দেখা যাচ্ছে, M বস্তুটি P বলের প্রভাবে $5.72 ms^{-2}$ ত্বরণে কপিকলের দিকে গতিশীল হবে।

৭. ঢাকা বোর্ড ২০১৯

সালমান 400 gm ভরের একটি স্থির ফুটবলের উপর 2 sec যাবৎ 5 N বল প্রয়োগ করে। ফুটবলের অবস্থান থেকে 120 m দূরে দাঁড়িয়ে থাকা শাকিলের দিকে বলটি গড়িয়ে গড়িয়ে যেতে থাকে। মাঠের ঘর্ষণ মান 1 N।

ক. সরণ কাকে বলে? ১

খ. সুষম দ্রুতিতে চলমান বস্তুর বেগ সুষম নাও হতে পারে। - ব্যাখ্যা কর। ২

গ. বল প্রয়োগের ফলে ফুটবলের ত্বরণ কত হয়েছিল? ৩

ঘ. ফুটবল শাকিলের কাছে পৌঁছাবে কি না? বিশ্লেষণ কর। ৪

৭ নং প্রশ্নের উত্তর

ক. একটি নির্দিষ্ট দিকে গতিশীল বস্তুর আদি এবং শেষ অবস্থানের নূন্যতম সরলরৈখিক দূরত্বকে সরণ বলে।

খ. সুষম দ্রুতিতে চলমান বস্তুর বেগ সুষম নাও হতে পারে।

ব্যাখ্যা : কোনো গতিশীল বস্তুর বেগের মান ও দিক অপরিবর্তিত থাকলে সেই বস্তুর বেগকে সুষম বেগ বলে। বৃত্তাকার পথে চলমান বস্তুর বেগের মান অপরিবর্তিত থাকলে ও বেগের দিক প্রতিনিয়ত পরিবর্তিত হয়। ফলে বেগ সুষম হয় না।

গ. এখানে, ফুটবলের ভর, $m = 400 gm = 0.4 kg$

প্রযুক্ত বল, $F = 5 N$

ঘর্ষণ বল, $F_k = 1 \text{ N}$

কায়কর বল, $F_1 = ma = 0.4 \text{ a kg}$

ফুটবলের ত্বরণ, $a = ?$

আমর জানি, $F = F_1 + F_k$

বা, $F_1 = F - F_k$

বা, $0.4 \text{ a kg} = 5 \text{ N} - 1 \text{ N}$

বা, $a = \frac{4 \text{ N}}{0.4 \text{ kg}} = 10 \text{ m s}^{-2}$

সুতরাং ফুটবলের ত্বরণ 10 m s^{-2}

ঘ 'গ' হতে পাই, ফুটবলের ত্বরণ, $a = 10 \text{ m s}^{-2}$

সময়, $t = 2 \text{ s}$

আদিবেগ, $u = 0$

দূরত্ব, $S_1 = ?$

আমরা জানি, $S_1 = ut + \frac{1}{2}at^2$

$$= 0 \times t + \frac{1}{2} \times 10 \text{ m s}^{-2} \times (2 \text{ s})^2 = 20 \text{ m}$$

আবার, শেষ বেগ, $v = u + at = 0 + 10 \text{ m s}^{-2} \times 2 \text{ s}$

$$= 20 \text{ m s}^{-1}$$

বল অপসারণের পর বলটি ঘর্ষণ বলের প্রভাবে চলতে থাকবে

∴ ত্বরণ, $a_1 = \frac{F_k}{m} = \frac{-1 \text{ N}}{0.4 \text{ kg}} = -2.5 \text{ m s}^{-2}$

এক্ষেত্রে আদিবেগ, $v = 20 \text{ m s}^{-1}$

শেষ বেগ, $v' = 0$

এবং অতিক্রান্ত দূরত্ব s_2 হলে,

$$v'^2 = v^2 + 2as_2$$

বা, $0 = (20 \text{ m s}^{-1})^2 + 2 \times (-2.5) \text{ m s}^{-2} \times s_2$

বা, $5 s_2 \text{ m s}^{-2} = 400 \text{ m}^2 \text{ s}^{-2}$

∴ $s_2 = 80 \text{ m}$

∴ বলের মোট অতিক্রান্ত দূরত্ব, $s = s_1 + s_2$

$$= 20 \text{ m} + 80 \text{ m}$$


$$= 100 \text{ m}$$

ফুটবলের অবস্থান থেকে শাকিলের দূরত্ব, $s' = 120 \text{ m}$

∴ $s < s'$

অর্থাৎ ফুটবল শাকিলের কাছে পৌঁছাবে না।

৮. রাজশাহী বোর্ড ২০১৯



m_1 বস্তু কার্যকরী বল 0.078 N এবং m_2 বস্তুর কার্যকরী বল 0.039 N । বস্তু দুটি একই সময়ে ছেড়ে দেওয়া হলো।

ক. সাম্য বল কাকে বলে? ১

খ. বস্তুর ভর প্রুব হলেও ওজন প্রুব নয়-ব্যাখ্যা কর। ২

গ. m_1 বস্তুর উপর বায়ুর ঘর্ষণ বল নির্ণয় কর। ৩

ঘ. কোন বস্তুটি আগে ভূমিতে পৌঁছাবে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮ নং প্রশ্নের উত্তর

ক কোনো বস্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলেন লব্ধি শূন্য হয় অর্থাৎ বস্তুটি সাম্যাবস্থায় থাকে, তবে ঐ বলগুলোকে সাম্য বল বলে।

খ বস্তুর ওজন অভিকর্ষজ ত্বরণের উপর নির্ভর করে। পৃথিবী সম্পূর্ণ গোলাকার না হওয়ার এর ব্যাসার্ধ সবচেয়ে কম এবং বিষুব অঞ্চলে সবচেয়ে বেশি। এতে মেরু অঞ্চলে অভিকর্ষজ ত্বরণের মান সবচেয়ে বেশি এবং বিষুব অঞ্চলে সবচেয়ে কম হয়। এজন্য বস্তুর ওজন পৃথিবীর বিভিন্ন স্থানে বিভিন্ন হয়। অতএব বলা যায়, বস্তুর ভর ধ্রুব হলেও ওজন ধ্রুব নয়।

গ এখানে, m_1 বস্তুর উপর কার্যকরী বল, $F_N = 0.0078 \text{ N}$ m_1 বস্তুর ভর, $m_1 = 10 \text{ gm} = 0.01 \text{ kg}$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8 \text{ m s}^{-2}$

বস্তুর ওজন, $W_1 = m_1 g = 0.01 \text{ kg} \times 9.8 \text{ m s}^{-2} = 0.098 \text{ N}$

∴ m_1 বস্তুর উপর বায়ুর ঘর্ষণবল,

$F = W - F_N = 0.098 \text{ N} - 0.078 \text{ N} = 0.02 \text{ N}$

ঘ এখানে, উচ্চতা, $h = 50 \text{ m}$

$m_1 = 10 \text{ gm} = 0.01 \text{ kg}$

$m_2 = 20 \text{ gm} = 0.02 \text{ kg}$

m_1 বস্তুর উপর কার্যকরী বল, $F_1 = 0.078 \text{ N}$

m_2 বস্তুর উপর কার্যকরী বল, $F_2 = 0.039 \text{ N}$

$a_1 = \frac{F_1}{m_1} = \frac{0.078 \text{ N}}{0.01 \text{ kg}} = 7.8 \text{ m s}^{-2}$

m_2 বস্তুর উপর ক্রিয়াশীল নিট ত্বরণ,

∴ $a_2 = \frac{F_2}{m_2} = \frac{0.039 \text{ N}}{0.02 \text{ kg}} = 1.95 \text{ m s}^{-2}$

∴ m_1 বস্তুর ক্ষেত্রে ভূমিতে পৌঁছতে প্রয়োজনীয় সময় t_1 হলে,

$H = \frac{1}{2} a_1 t_1^2$

বা, $t_1 = \sqrt{\frac{2h}{a_1}} = \sqrt{\frac{2 \times 50 \text{ m}}{7.8 \text{ m s}^{-2}}} = 3.58 \text{ s}$

অসুরূপভাবে, m_2 বস্তুর ক্ষেত্রে ভূমিতে পৌঁছতে প্রয়োজনীয় সময় t_2 হলে,

$t_2 = \sqrt{\frac{2h}{a_2}} = \sqrt{\frac{2 \times 50 \text{ m}}{1.95 \text{ m s}^{-2}}} = 7.16 \text{ s}$

উপরোক্ত গাণিতিক বিশ্লেষণ হতে দেখা যাচ্ছে যে, $t_1 < t_2$

অতএব, m_1 বস্তুটি আগে ভূমিতে পৌঁছাবে।

৯. দিনাজুর বোর্ড ২০১৬

3.92N ওজনের একটি খেলনা গাড়ীর উপর বল প্রয়োগ করায় এটি ঘর্ষণযুক্ত মেঝেতে 0.5 ms^{-2} ত্বরণে চলতে শুরু করে। ঘর্ষণ বল 0.5N।

ক. অভিকর্ষজ ত্বরণ কাকে বলে? ১

খ. পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য কেন? ২

গ. গাড়ীর উপর প্রযুক্ত বলের মান কত? ৩

ঘ. ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে ত্বরণের কী পরিবর্তন হবে? গাণিতিকভাবে মূল্যায়ণ কর।

৪

৯ নং প্রশ্নের উত্তর

ক সময়ের সাথে অভিকর্ষের প্রভাবে মুক্তভাবে পড়ন্ত বস্তুর বেগ বৃদ্ধির হারকে অভিকর্ষজ ত্বরণ বলে।

খ কোনো বস্তুকে পৃথিবী যে বলে নিজের দিকে টানে তাকে ঐ বস্তুর ওজন বলে। বস্তুর ভরকে অভিকর্ষজ ত্বরণ দ্বারা গুণ করলে বস্তুর ওজন পাওয়া যায়। পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণ শূন্য বলে পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য।

গ দেওয়া আছে, ঘর্ষণ বল, $F_k = 0.5 \text{ N}$

গাড়ীর ওজন, $W = 3.92 \text{ N}$

গাড়ীর ত্বরণ, $a = 0.5 \text{ ms}^{-2}$

জানা আছে, অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8 \text{ ms}^{-2}$

গাড়ীর উপর প্রযুক্ত বল, $F = ?$

আমরা জানি, $W = mg$

$$\text{বা, } m = \frac{W}{g} = \frac{3.92}{9.8} = 0.4 \text{ kg}$$

আবার, $F - F_k = ma$

$$\text{বা, } F = ma + F_k = 0.4 \times 0.5 + 0.5 = 0.7 \text{ N (Ans.)}$$

ঘ 'গ' অংশ হতে পাই,

$$\text{গাড়ির ভর, } m = 0.4 \text{ kg}$$

$$\text{গাড়ির উপর প্রযুক্ত বল, } F = 0.7 \text{ N}$$

$$\text{ঘর্ষণ বল, } F_k = 0.5 \text{ N}$$

$$\text{ধরি, ঘর্ষণযুক্ত অবস্থায় ত্বরণ, } a = 0.5 \text{ ms}^{-2}$$

ধরি, ঘর্ষণবিহীন অবস্থায় ত্বরণ = a'

$$\text{ঘর্ষণবিহীন অবস্থায়, } F = ma'$$

$$\text{বা, } a' = \frac{F}{m} = \frac{0.7}{0.2} = 3.5 \text{ ms}^{-2}$$

∴ ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে ত্বরণের পরিবর্তন = $(3.5 - 0.5) = 3 \text{ ms}^{-2}$

অতএব, ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে গাড়ির ত্বরণ 3 ms^{-2} বৃদ্ধি পাবে।

১০. কুমিল্লা বোর্ড ২০১৫

700kg ভরের একটি গতিশীল ট্রাক 20 ms^{-1} বেগে 1300kg ভরের একটি স্থিতিশীল ট্রাককে ধাক্কা দেয় এবং ট্রাক দুইটি মিলিত হয়ে সামনের দিকে চলতে থাকে।

ক. জড়তা কী?

১

খ. গতির উপর ঘর্ষণের প্রভাব ব্যাখ্যা কর।

২

গ. ট্রাক দুইটির মিলিত বেগ নির্ণয় কর।

৩

ঘ. ভরবেগের সংরক্ষণ সূত্র কীভাবে নিউটনের তৃতীয় সূত্রকে সমর্থন করে, গাণিতিক যুক্তিসহ মতামত দাও।

8

১০ নং প্রশ্নের উত্তর

ক বস্তু যে অবস্থায় আছে চিরকাল সে অবস্থায় থাকতে চাওয়ার প্রবণতা বা সে অবস্থা বজায় রাখতে চাওয়ার ধর্মই জড়তা।

খ ঘর্ষণ আমাদের দৈনন্দিন জীবনে অনেক সমস্যা সৃষ্টি করলেও চলাচল ও যানবাহন চালনার জন্য ঘর্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যেমন, গাড়ির টায়ার এবং রাস্তার মধ্যবর্তী ঘর্ষণ আছে বলেই গাড়ি চালনা সম্ভব হয়েছে। বস্তুর গতির ওপর রাস্তার মসৃণতার প্রভাব অনেক বেশি। রাস্তা মসৃণ হলে রাস্তার যানবাহন চলাচল সহজতর হয় এবং ভ্রমণ আরামদায়ক হয়। রাস্তা যত বেশি মসৃণ হবে বাধাদানকারী ঘর্ষণ বলের মানও তত কম হবে। গাড়ির টায়ার এবং রাস্তার মধ্যবর্তী ঘর্ষণ বলের মান টায়ারের এবং একই সাথে রাস্তার মসৃণতার ওপর নির্ভর করে। ঘর্ষণ বলের পরিমাণ অনেক কমে গেলে নানা ধরনের সমস্যারও সৃষ্টি হয়। তাই রাস্তাকে খুব বেশি মসৃণ করাও ঠিক নয়। ব্রেক হচ্ছে এমন এক ব্যবস্থা যা ঘর্ষণের পরিমাণ বৃদ্ধি করে গাড়ির গতি তথা চাকার ঘূর্ণনকে প্রয়োজন অনুযায়ী নিয়ন্ত্রণ করে। এর মাধ্যমে যানবাহনকে নির্দিষ্ট স্থানে থামানো সম্ভবপর হয়।

গ দেওয়া আছে,

$$\text{গতিশীল ট্রাকের ভর, } m_1 = 700 \text{ kg}$$

$$\text{স্থির ট্রাকের ভর, } m_2 = 1300 \text{ kg}$$

$$\text{সংঘর্ষের পূর্বে, ১ম ট্রাকের গতিবেগ, } u_1 = 20 \text{ ms}^{-1}$$

$$\text{এবং ২য় ট্রাকের গতিবেগ, } u_2 = 0 \text{ ms}^{-1}$$

বের করতে হবে, ট্রাক দুইটির মিলিত বেগ, $v = ?$

$$\text{ভরবেগের সংরক্ষণ সূত্রানুসারে, } m_1 u_1 + m_2 u_2 = m_1 v + m_2 v$$

$$\begin{aligned} \therefore v &= \frac{m_1 u_1 + m_2 u_2}{m_1 + m_2} = \frac{700 \text{ kg} \times 20 \text{ ms}^{-1} + 1300 \text{ kg} \times 0 \text{ ms}^{-1}}{700 \text{ kg} + 1300 \text{ kg}} \\ &= 7 \text{ ms}^{-1} \text{ (Ans.)} \end{aligned}$$

ঘ মনে করি, m_1 ও m_2 ভরের দুটি বস্তু পরস্পরের সাথে সংঘর্ষে লিপ্ত হয়। এক্ষেত্রে বস্তুদ্বয়ের ওপর যথাক্রমে F_1 ও F_2 বল প্রযুক্ত হয়। সংঘর্ষের পূর্বে বস্তুদ্বয়ের বেগ যথাক্রমে u_1 ও u_2 এবং সংঘর্ষের পরে এদের বেগ যথাক্রমে v_1 ও v_2 । সংঘর্ষের ক্রিয়াকাল t ।

ভরবেগের সংরক্ষণ সূত্রানুসারে,

$$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } m_1 v_1 - m_1 u_1 = m_2 u_2 - m_2 v_2$$

$$\text{বা, } m(v_1 - u_1) = -m_2(v_2 - u_2)$$

$$\text{বা, } m_1 \frac{v_1 - u_1}{t} = -m_2 \frac{v_2 - u_2}{t}$$

$$\text{বা, } m_1 a_1 = -m_2 a_2 \text{ [সংঘর্ষকালে বস্তুদ্বয়ের ত্বরণ যথাক্রমে } a_1 \text{ ও } a_2]$$

বা, $F_1 = -F_2$, যা নিউটনের গতির তৃতীয় সূত্রের গাণিতিক রূপ।

এভাবে, ভরবেগের সংরক্ষণ সূত্র নিউটনের তৃতীয় সূত্রকে সমর্থন করে।

১১. চট্টগ্রাম বোর্ড ২০১৫

তানজুম 50g ভরের একটি পাথরকে 60ms^{-1} বেগে ভূমির সমান্তরালে নিক্ষেপ করে।

ক. মাত্রা কাকে বলে?

১

খ. 10N বল বলতে কী বোঝায়?

২

গ. পাথরটি যদি সমবেগে গতিশীল থাকে তবে 4s এ এটি কত দূরত্ব অতিক্রম করে, তা নির্ণয় কর।

৩

ঘ. 9N বাধাদানকারী বল প্রয়োগ করে পাথরটিকে 10m দূরত্বে থামানো সম্ভব হবে কি? গাণিতিক বিশ্লেষণের মতামত দাও। ৪

১১ নং প্রশ্নের উত্তর

ক কোনো ভৌত রাশিতে উপস্থিত মৌলিক রাশিগুলোর সূচককে এর মাত্রা বলে।

$$\text{খ } 10\text{N} = 1\text{kg} \times 10\text{ms}^{-2}$$

সুতরাং 10N বল বলতে বোঝায়, যে পরিমাণ বল 1 kg ভরের বস্তুর ওপর ক্রিয়া করে এতে 10ms^{-2} ত্বরণ সৃষ্টি করে।

গ দেওয়া আছে,

$$\text{পাথরটির আদিবেগ, } u = 60\text{ms}^{-1}$$

$$\text{ত্বরণ, } a = 0\text{ms}^{-2} \text{ [}\therefore \text{ সমবেগ]}$$

$$\text{সময়কাল, } t = 4\text{sec}$$

বের করতে হবে, দূরত্ব (সরণ), $s = ?$

$$\text{আমরা জানি, } s = ut + \frac{1}{2}at^2$$

$$= 60\text{ms}^{-1} \times 4\text{sec} + \frac{1}{2} \times 0\text{ms}^{-2} \times (4\text{sec})^2$$

$$= 240\text{m} + 0\text{m}$$

$$= 240\text{m (Ans.)}$$

ঘ পাথরটির ভর, $m = 50\text{g} = 0.05\text{kg}$

9N বাধাদানকারী বল প্রয়োগ করা হলে পাথরটির মন্দন হবে,

$$a = F/m \text{ [}\therefore F = ma]$$

$$= 9\text{N}/0.05\text{kg}$$

$$= 180\text{ms}^{-2}$$

পাথরটির আদিবেগ, $u = 60\text{ms}^{-1}$

শেষবেগ, $v = 0\text{ms}^{-1}$ [}\therefore \text{ থেমে গেল]}

থেমে যাওয়ার আগ পর্যন্ত s পরিমাণ দূরত্ব অতিক্রম করলে,

$$v^2 = u^2 - 2as$$


$$\text{বা, } 2as = u^2 - v^2$$

$$\therefore s = \frac{u^2 - v^2}{2a} = \frac{(60\text{ms}^{-1})^2 - (0\text{ms}^{-1})^2}{2 \times 180\text{ms}^{-2}}$$

$$= 10\text{m}$$

সুতরাং 9N বাধাদানকারী বল প্রয়োগ করে পাথরটিকে 10m দূরত্বে থামানো সম্ভব হবে।

১২. যশোর বোর্ড ২০১৭



চিত্র : 10 kg ভরের একটি বস্তুর ভরবেগ-সময় লেখচিত্র

- ক. ভরবেগের সংরক্ষণ সূত্রটি লিখ। ১
- খ. চলন্ত বাস হতে বাইরের গাছপালাগুলোকে গতিশীল মনে হয়— ব্যাখ্যা কর। ২
- গ. বস্তুটির ১ম 25 s এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩
- ঘ. চিত্রে OA, AB ও CD অংশে ক্রিয়াশীল বল গাণিতিকভাবে তুলনা কর। ৪

১২ নং প্রশ্নের উত্তর

ক একাধিক বস্তুর মধ্যে শুধু ক্রিয়া ও প্রতিক্রিয়া ছাড়া অন্য কোনো বল কাজ না করলে কোনো নির্দিষ্ট দিকে তাদের মোট ভরবেগের কোনো পরিবর্তন হয় না।

খ চলন্ত বাস হতে বাইরের গাছপালাগুলোকে গতিশীল মনে হয় আপেক্ষিক বেগের কারণে। প্রত্যেক পর্যবেক্ষক তার নিজ কাঠামোকে স্থির দেখে। চলন্ত বাসের যাত্রী বাসটিকে স্থির দেখবে কিন্তু তার কাছে মনে হবে গাছপালাগুলো বিপরীত দিকে গতিশীল।

গ দেওয়া আছে,

$$\text{বস্তুর ভর, } m = 10 \text{ kg}$$

$$\text{সময়, } t_1 = 20 \text{ s}$$

$$\text{ধরি, } t_1 \text{ সময়ে অতিক্রান্ত দূরত্ব} = s_1$$

$$\text{পরবর্তী সমবেগে অতিক্রান্ত সময়, } t_2 = 5 \text{ s}$$

$$20 \text{ s পরে ভরবেগ, } P = 200 \text{ kg m s}^{-1}$$

$$\text{বেগ, } v = \frac{200 \text{ kg m s}^{-1}}{10 \text{ kg}} = 20 \text{ m s}^{-1}$$

$$\text{আদিবেগ, } u = 0 \text{ m s}^{-1}$$

$$\text{সুষম ত্বরণের ক্ষেত্রে, } s_1 = \frac{u + v}{2} t_1 = \frac{0 + 20 \text{ m s}^{-1}}{2} \times 20 \text{ s}$$

$$= 200 \text{ m}$$

$$s_2 = vt = 20 \text{ m s}^{-1} \times 5 \text{ s}$$

$$= 100 \text{ m}$$

∴ প্রথম 25 সেকেন্ডে মোট অতিক্রান্ত দূরত্ব,

$$s = s_1 + s_2 = 200 \text{ m} + 100 \text{ m}$$

$$= 300 \text{ m (Ans.)}$$

ঘ আমরা জানি, বস্তুর উপর ক্রিয়াশীল বল এর ভরবেগের পরিবর্তনের হারের সমান।

চিত্র থেকে দেখা যায়, OA অংশে ভরবেগের পরিবর্তন,

$$\Delta P = 200 \text{ kg m s}^{-1} - 0 = 200 \text{ kg m s}^{-1}$$

সময়ের পরিবর্তন, $\Delta t = 20 \text{ s} - 0 = 20 \text{ s}$

সুতরাং ক্রিয়াশীল বল,

$$F_{OA} = \frac{\Delta P}{\Delta t} = \frac{200 \text{ kg m s}^{-1}}{20 \text{ s}}$$

$$= 10 \text{ N}$$

AB অংশে ভরবেগের পরিবর্তন,

$$\Delta P = 200 \text{ kg m s}^{-1} - 200 \text{ kg m s}^{-1} = 0$$

সময়ের পরিবর্তন, $\Delta t = 45 \text{ s} - 20 \text{ s} = 25 \text{ s}$

সুতরাং ক্রিয়াশীল বল,

$$F_{AB} = \frac{\Delta P}{\Delta t} = \frac{0}{25 \text{ s}} \\ = 0 \text{ N}$$

CD অংশে ভরবেগের পরিবর্তন,

$$\Delta P = 0 \text{ kg m s}^{-1} - 300 \text{ kg m s}^{-1} = -300 \text{ kg m s}^{-1}$$


সময়ের পরিবর্তন, $\Delta t = 90 \text{ s} - 60 \text{ s} = 30 \text{ s}$

সুতরাং ক্রিয়াশীল বল,

$$F_{CD} = \frac{\Delta P}{\Delta t} = \frac{-300 \text{ kg m s}^{-1}}{30 \text{ s}} \\ = -10 \text{ N}$$

চিত্রের OA অংশে ক্রিয়াশীল বল সবচেয়ে বেশি, AB অংশে কোনো বল ক্রিয়া করে না এবং CD অংশে সবচেয়ে কম। CD অংশে বাধাদানকারী বল ক্রিয়া করে।

১৩. যশোর বোর্ড ২০১৭



এখানে ঘর্ষণ বল 10 N

ক. পড়ন্ত বস্তুর ওয় সূত্রটি লিখ।

১

খ. বৈদ্যুতিক পাখার সুইচ বন্ধ করার সাথে সাথে থেমে যায় না কেন— ব্যাখ্যা কর।

২

গ. F নির্ণয় কর।

৩

ঘ. 100 m অতিক্রম করার পর প্রযুক্ত বল অপসারণ করলে বস্তুটি প্রথম থেকে সর্বমোট কত সময় পর থেমে যাবে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর।

৪

১৩ নং প্রশ্নের উত্তর

ক স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তু নির্দিষ্ট সময়ে যে দূরত্ব (h) অতিক্রম করে তা t সময়ের (t) বর্গের সমানুপাতিক অর্থাৎ $h \propto t^2$ ।

খ বৈদ্যুতিক পাখার সুইচ বন্ধ করার সাথে সাথে পাখাটি বন্ধ হয় না। কারণ গতির জড়তা ধর্মের কারণে গতিশীল বস্তুটি এর গতি বজায় রাখার প্রবণতা দেখায় ফলে পাখাটি আরো কিছু সময় পর্যন্ত ঘোরে, এবং বায়ুর বাধা ও ফ্যানের স্যাফটের ঘর্ষণের কারণে ধীরে ধীরে থেমে যায়।

গ দেওয়া আছে,

P বস্তুর আদিবেগ, $u = 0 \text{ m s}^{-1}$

শেষবেগ, $v = 40 \text{ m s}^{-1}$

সরণ, $s = 100 \text{ m}$

P বস্তুর ভর, $m = 5 \text{ kg}$

ঘর্ষণ বল, $F' = 10 \text{ N}$

প্রযুক্ত বল, $F = ?$

আমরা জানি,

$$v^2 = u^2 + 2as$$

$$\therefore a = \frac{v^2 - u^2}{2s} = \frac{(40 \text{ m s}^{-1})^2 - (0 \text{ m s}^{-1})^2}{2 \times 100 \text{ m}}$$

$$a = 8 \text{ m s}^{-2}$$

\therefore প্রযুক্ত বল, $F = ma + F' = 5 \text{ kg} \times 8 \text{ m s}^{-2} + 10 \text{ N}$
 $= 50 \text{ N (Ans.)}$

ঘ দেওয়া আছে, $s_1 = 100 \text{ m}$ সরণের জন্য

আদিবেগ, $u = 0 \text{ m s}^{-1}$

শেষবেগ, $v = 40 \text{ m s}^{-1}$

সময়, $t_1 = ?$

আমরা জানি,

$$s_1 = \frac{u + v}{2} t_1 = \frac{0 + 40 \text{ m s}^{-1}}{2} t_1 = 20 \text{ m s}^{-1} \times t_1$$

$$\therefore t_1 = \frac{100 \text{ m}}{20 \text{ m s}^{-1}} = 5 \text{ s}$$

প্রযুক্ত বল অপসারণের পর বস্তুর উপর ঘর্ষণ বল ক্রিয়া করবে, অর্থাৎ ক্রিয়াশীল বল $F = -10 \text{ N}$

$$\text{সুতরাং ত্বরণ, } a = \frac{F}{m} = \frac{-10 \text{ N}}{5 \text{ kg}} = -2 \text{ m s}^{-2}$$

এক্ষেত্রে আদিবেগ, $u = 40 \text{ m s}^{-1}$

শেষবেগ, $v = 0 \text{ m s}^{-1}$

বল অপসারণের পর থেকে থেমে যাওয়া পর্যন্ত সময় t_2 হলে আমরা পাই,

$$a = \frac{v - u}{t_2}$$

$$\therefore t_2 = \frac{0 \text{ m s}^{-1} - 40 \text{ m s}^{-1}}{-2 \text{ m s}^{-2}}$$

$$= 20 \text{ s}$$

$$\therefore \text{মোট সময়, } t = t_1 + t_2 = (5 + 20) \text{ s} \\ = 25 \text{ s (Ans.)}$$

১৪. যশোর বোর্ড ২০১৬

স্থির অবস্থান থেকে যাত্রা শুরু করে 600 kg ভরের একটি ট্রাক 0.2 ms^{-2} সুষম ত্বরণে 60 s চলার পর 400 kg ভরের একটি স্থির পিকআপ ভ্যানের সাথে ধাক্কা খেয়ে আটকে একত্রে 7.2 ms^{-1} বেগে চলতে থাকে।

ক. পিছলানো ঘর্ষণ কী?

১

খ. সাম্য ও অসাম্য বলের মধ্যে দুটি পার্থক্য লিখ।

২

গ. উদ্দীপকের ট্রাকটি পিকআপ ভ্যানের সাথে ধাক্কা খাওয়ার আগে কত দূরত্ব অতিক্রম করবে নির্ণয় কর।

৩

ঘ. উপরোক্ত ঘটনা ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে কী? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও।

৪

১৪ নং প্রশ্নের উত্তর

ক যখন একটি বস্তু অন্য একটি বস্তু তথা তলের উপর দিয়ে পিছলিয়ে বা ঘষে চলতে চেষ্টা করে বা চলে তখন যে ঘর্ষণের সৃষ্টি হয় তাকে পিছলানো ঘর্ষণ বা বিসর্প ঘর্ষণ বলে।

খ সাম্য ও অসাম্য বলের মধ্যে দুটি পার্থক্য:

সাম্য বল	অসাম্য বল
১. যে বলগুলো কোনো বস্তুর ওপর ক্রিয়া করে সাম্যবস্থার সৃষ্টি করে তাকে সাম্য বল বলে।	১. যে বলগুলো কোনো বস্তুর ওপর ক্রিয়া করে সাম্যবস্থার সৃষ্টি করে না তাকে অসাম্য বল বলে।
২. এক্ষেত্রে ক্রিয়াশীল বলগুলোর লব্ধি শূন্য।	২. এক্ষেত্রে ক্রিয়াশীল বলগুলোর লব্ধি শূন্য হয় না।

গ দেওয়া আছে,

ট্রাকটির আদিবেগ, $u = 0 \text{ ms}^{-1}$

ত্বরণ, $a = 0.2 \text{ ms}^{-2}$

সময়কাল, $t = 60 \text{ s}$

বেগ করতে হবে, দূরত্ব (সরণ), $s = ?$

আমরা জানি,

$$s = ut + \frac{1}{2} at^2$$

$$= 0 \times 60 + \frac{1}{2} \times 0.2 \times (60)^2$$

$$= 360\text{m (Ans.)}$$

ঘ এখানে,

$$\text{ট্রাকের ত্বরণ, } a = 0.2 \text{ ms}^{-2}$$

$$\text{সময়, } t = 60 \text{ s}$$

$$\text{আদিবেগ, } u = 0 \text{ ms}^{-1}$$

$$\text{ধাক্কার পূর্বে ট্রাকের বেগ, } u_1 = u + at$$

$$= 0 + 0.2 \times 60$$

$$= 12 \text{ ms}^{-1}$$

আবার,

$$\text{ট্রাকের ভর, } m_1 = 600 \text{ kg}$$

$$\text{ধাক্কার পূর্বে ট্রাকের বেগ, } u_1 = 12 \text{ ms}^{-1}$$

$$\text{ধাক্কার পর ট্রাকের বেগ, } v_1 = 7.2 \text{ ms}^{-1}$$

$$\text{পিকআপ ভ্যানের ভর, } m_2 = 400 \text{ kg}$$

$$\text{ধাক্কার পূর্বে বেগ, } u_2 = 0 \text{ ms}^{-1}$$

$$\text{ধাক্কার পরে বেগ, } v_2 = 7.2 \text{ ms}^{-1}$$

$$\text{ধাক্কার পূর্বে ভরবেগের সমষ্টি} = m_1 u_1 + m_2 u_2$$

$$= 600 \times 12 + 400 \times 0$$

$$= 7200 \text{ kgms}^{-1}$$


$$\text{ধাক্কার পরে ভরবেগের সমষ্টি} = m_1 v_1 + m_2 v_2$$

$$= 600 \times 7.2 + 400 \times 7.2$$

$$= 7200 \text{ kgms}^{-1}$$

যেহেতু ধাক্কার পূর্বে এবং পরে ট্রাক এবং পিকআপ ভ্যানের ভরবেগের সমষ্টি সমান তাই এক্ষেত্রে ঘটনাটি ভরবেগের সংরক্ষণ সূত্র সমর্থন করে।

১৫. বরিশাল বোর্ড ২০১৭



যাত্রা শুরু করার একটি নির্দিষ্ট সময় পরে P ও Q গাড়ি দুটির মধ্যে সংঘর্ষ হলো এবং মিলিত বেগ 2 m s^{-1} হলো Q এর দিকে।

ক. সাম্য বল কী? ১

খ. বস্তুর আকারের উপর বলের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. যাত্রা শুরুর কত সময় পর P ও Q গাড়ি দুটি মিলিত হবে? ৩

ঘ. উদ্দীপকটি ভরবেগের সংরক্ষণশীল নীতিকে সমর্থন করলেও গতিশক্তি সংরক্ষিত হয়নি— গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

৪

১৫ নং প্রশ্নের উত্তর

ক কোনো বস্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলের লব্ধি শূন্য হয় অর্থাৎ বস্তুর কোনো ত্বরণ না হয়, তখন সেই বলগুলো এই সাম্যাবস্থা সৃষ্টি করে তাদেরকে সাম্য বল বলে।

খ কোনো বস্তুর ওপর বল প্রয়োগের ফলে যদি এর গতিয় অবস্থার পরিবর্তন না হয় তবে এর আকার বা আকৃতির পরিবর্তন হতে পারে। যেমন— একটি প্লাস্টিকের খালি বোতল জোরে চেপে ধরলে দুমড়ে-মুচড়ে যায়, অথবা একটি রাবার বারকে দুপ্রান্ত ধরে টানলে দৈর্ঘ্য বাড়ে ও চিকন হয়ে যায়। এ দুটি ক্ষেত্রে বল প্রয়োগের ফলে এদের আকারের পরিবর্তন হয়েছে।

কোনো কোনো ক্ষেত্রে বলের ক্রিয়ায় বস্তুর আকার পরিবর্তন স্থায়ী আবার কোনো কোনো ক্ষেত্রে ক্ষণস্থায়ী হয়। উপরের উদাহরণে প্লাস্টিকের বোতলের ওপর থেকে বল অপসারিত হলে তা আর পূর্বের অবস্থা ফিরে পায় না অর্থাৎ পরিবর্তন স্থায়ী হয়েছে। কিন্তু রাবার বারকে ছেড়ে দিলে আবার পূর্বের অবস্থা ফিরে পায়। অর্থাৎ রাবারের আকারের পরিবর্তন ক্ষণস্থায়ী।

গ দেওয়া আছে,

$$\text{P বস্তুর বেগ, } v_P = 12 \text{ m s}^{-1}$$

$$\text{Q বস্তুর বেগ, } v_Q = -10 \text{ m s}^{-1} \text{ [P এর বেগের বিপরীত দিকে গতিশীল]}$$

$$\text{P ও Q এর মধ্যবর্তী দূরত্ব} = 1.10 \text{ km} = 1100 \text{ m}$$

মনে করি, যাত্রা শুরু করার সময় t পর P থেকে x দূরত্বে এরা পরস্পর মিলিত হবে।

অতএব, P কর্তৃক অতিক্রান্ত দূরত্ব, $x = v_P t$

Q কর্তৃক অতিক্রান্ত দূরত্ব, $1100 - x = v_Q t$

সুতরাং $1100 = v_P t + v_Q t = (12 + 10) t = 22 t$

$$\therefore t = \frac{1100}{22} \text{ s} = 50 \text{ s (Ans.)}$$

ঘ দেওয়া আছে,

P বস্তুর ভর, $m_1 = 600 \text{ kg}$

Q বস্তুর ভর, $m_2 = 500 \text{ kg}$

P বস্তুর আদিবেগ, $u_1 = 12 \text{ m s}^{-1}$

Q বস্তুর আদিবেগ, $u_2 = -10 \text{ m s}^{-1}$

P ও Q বস্তুর মিলিত বেগ, $v = 2 \text{ m s}^{-1}$

$$\begin{aligned} \text{সংঘর্ষের পূর্বে মোট ভরবেগ} &= m_1 u_1 + m_2 u_2 = 600 \times 12 + 500(-10) \\ &= 2200 \text{ kg m s}^{-1} \end{aligned}$$

$$\begin{aligned} \text{সংঘর্ষের পর মোট ভরবেগ} &= m_1 v + m_2 v = 600 \times 2 + 500 \times 2 \\ &= 2200 \text{ kg m s}^{-1} \end{aligned}$$

যেহেতু সংঘর্ষের পূর্বের ও পরের ভরবেগের সমষ্টি সমান, তাই বলা যায়, ভরবেগের সংরক্ষণশীলতা নীতিকে সমর্থন করে।
আবার,

$$\begin{aligned} \text{সংঘর্ষের পূর্বে গতিশক্তির সমষ্টি} &= \frac{1}{2} m_1 u_1^2 + \frac{1}{2} m_2 u_2^2 \\ &= \frac{1}{2} \times 600 \times 12^2 + \frac{1}{2} \times 500 \times 10^2 \\ &= 43200 \text{ J} + 25000 \text{ J} \\ &= 68200 \text{ J} \end{aligned}$$

$$\begin{aligned} \text{সংঘর্ষের পর গতিশক্তির সমষ্টি} &= \frac{1}{2} m_1 v^2 + \frac{1}{2} m_2 v^2 \\ &= \frac{1}{2} \times 600 \times 2^2 + \frac{1}{2} \times 500 \times 2^2 \\ &= 1200 \text{ J} + 1000 \text{ J} \\ &= 2200 \text{ J} \end{aligned}$$

যেহেতু বস্তুদ্বয়ের সংঘর্ষের পূর্বের ও পরের গতিশক্তির সমষ্টি সমান নয়, তাই বলা যায়, গতিশক্তি সংরক্ষিত হয়নি।

১৬. বরিশাল বোর্ড ২০১৬

একটি বন্দুক থেকে 10 g ভরের একটি গুলি 600 ms^{-1} বেগে নির্গত হওয়ার সময় 2 ms^{-1} বেগে পিছনে ধাক্কা দেয়।

- লঘিষ্ঠ গণন কী? ১
- স্ক্রু-গেজের লঘিষ্ঠ গণন 0.01 mm বলতে কী বুঝায়? ২
- বন্দুকটির ভর নির্ণয় কর। ৩
- কী কী ব্যবস্থা অবলম্বন করে বন্দুকটির পশ্চাৎবেগের মান আরও কমানো যায়? গাণিতিক যুক্তিসহ আলোচনা কর। ৪

১৬ নং প্রশ্নের উত্তর

ক স্ক্রু-গেজের বৃত্তাকার স্কেলের মাত্র এক ভাগ ঘুরালে এর প্রান্ত বা স্ক্রুটি যতটুকু সরে আসে তাকে বলা হয় যন্ত্রের লঘিষ্ঠ গণন।

খ স্ক্রু-গেজের লঘিষ্ঠ গণন 0.01 mm বলতে বুঝায় এর বৃত্তাকার স্কেলের মাত্র এক ভাগ ঘুরালে এর প্রান্ত বা স্ক্রুটি 0.01 mm সরে আসে। যদি এই যন্ত্রের বৃত্তাকার স্কেলের ভাগসংখ্যা 100 হয়, তবে পিচ হবে 1 mm ।

গ উদ্দীপক হতে পাই,

গুলির ভর, $m_1 = 10 \text{ g} = 10 \times 10^{-3} \text{ kg}$

গুলির আদিবেগ, $u_1 = 0 \text{ ms}^{-1}$

গুলির শেষ বেগ, $v_1 = 600 \text{ ms}^{-1}$

বন্দুকের আদিবেগ, $u_2 = 0 \text{ ms}^{-1}$

বন্দুকের পশ্চাৎ বেগ, $v_2 = -2 \text{ ms}^{-1}$ [গুলির বেগের দিক
ধন্বক বিবেচনা করে]

বন্দুকের ভর, $m_2 = ?$

আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } 10 \times 10^{-3} \times 0 + m_2 \times 0 = 10 \times 10^{-3} \times 600 + m_2(-2)$$

$$\text{বা, } 0 = 6 - 2m_2$$

$$\text{বা, } 2m_2 = 6$$

$$\text{বা, } m_2 = \frac{6}{2}$$

$$\therefore m_2 = 3 \text{ kg (Ans.)}$$

ঘ ধরি, গুলির ভর = m_1

বন্দুকের ভর = m_2

গুলির আদিবেগ, $u_1 = 0$

বন্দুকের আদিবেগ, $u_2 = 0$

গুলির শেষ বেগ = v_1

বন্দুকের পশ্চাৎ বেগ = v_2

আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } m_1 \times 0 + m_2 \times 0 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } m_1 v_1 + m_2 v_2 = 0$$

$$\text{বা, } v_2 = -\frac{m_1 v_1}{m_2} \dots\dots\dots (i)$$

(i) নং সমীকরণ অনুসারে m_1 এর মান কমালে এবং m_2 এর মান বাড়ালে বন্দুকের পশ্চাৎ বেগ কমবে। আবার, v_1 এর মান কমলেও v_2 এর মান কমে।

অতএব, বন্দুকের পশ্চাৎ বেগের মান আরও কমাতে হলে নিম্নলিখিত তিনটি ব্যবস্থা গ্রহণ করা যাবে—

(i) গুলির ভর কমাতে হবে

(ii) বন্দুকের ভর বাড়াতে হবে।

(iii) গুলির বেগ কমাতে হবে।

গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ▶ ১ 3.92N ওজনের একটি খেলনা গাড়ীর উপর বল প্রয়োগ করায় এটি ঘর্ষণযুক্ত মেঝেতে 0.5ms^{-2} ত্বরণে চলতে শুরু করে। ঘর্ষণ বল 0.5N।

ক. অভিকর্ষজ ত্বরণ কাকে বলে? ১

খ. পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য কেন? ২

গ. গাড়ীর উপর প্রযুক্ত বলের মান কত? ৩

ঘ. ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে ত্বরণের কী পরিবর্তন হবে? গাণিতিকভাবে মূল্যায়ণ কর। ৪

১ নং প্রশ্নের উত্তর

ক সময়ের সাথে অভিকর্ষের প্রভাবে মুক্তভাবে পড়ন্ত বস্তুর বেগ বৃদ্ধির হারকে অভিকর্ষজ ত্বরণ বলে।

খ কোনো বস্তুকে পৃথিবী যে বলে নিজের দিকে টানে তাকে ঐ বস্তুর ওজন বলে। বস্তুর ভরকে অভিকর্ষজ ত্বরণ দ্বারা গুণ করলে বস্তুর ওজন পাওয়া যায়। পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণ শূন্য বলে পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য।

গ দেওয়া আছে, ঘর্ষণ বল, $F_k = 0.5 \text{ N}$

গাড়ির ওজন, $W = 3.92 \text{ N}$

গাড়ির ত্বরণ, $a = 0.5 \text{ ms}^{-2}$

জানা আছে, অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8 \text{ ms}^{-2}$

গাড়ির উপর প্রযুক্ত বল, $F = ?$

আমরা জানি, $W = mg$

$$\text{বা, } m = \frac{W}{g} = \frac{3.92}{9.8} = 0.4 \text{ kg}$$

আবার, $F - F_k = ma$

$$\text{বা, } F = ma + F_k = 0.4 \times 0.5 + 0.5 = 0.7 \text{ N (Ans.)}$$

ঘ 'গ' অংশ হতে পাই,

গাড়ির ভর, $m = 0.4 \text{ kg}$

গাড়ির উপর প্রযুক্ত বল, $F = 0.7 \text{ N}$

ঘর্ষণ বল, $F_k = 0.5 \text{ N}$

ধরি, ঘর্ষণযুক্ত অবস্থায় ত্বরণ, $a = 0.5 \text{ ms}^{-2}$

ধরি, ঘর্ষণবিহীন অবস্থায় ত্বরণ = a'

ঘর্ষণবিহীন অবস্থায়, $F = ma'$

$$\text{বা, } a' = \frac{F}{m} = \frac{0.7}{0.2} = 3.5 \text{ ms}^{-2}$$

\therefore ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে ত্বরণের পরিবর্তন = $(3.5 - 0.5) = 3 \text{ ms}^{-2}$

অতএব, ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে গাড়ির ত্বরণ 3 ms^{-2} বৃদ্ধি পাবে।

প্রশ্ন ২ 700kg ভরের একটি গতিশীল ট্রাক 20 ms^{-1} বেগে 1300kg ভরের একটি স্থিতিশীল ট্রাককে ধাক্কা দেয় এবং ট্রাক দুইটি মিলিত হয়ে সামনের দিকে চলতে থাকে।

ক. জড়তা কী?

১

খ. গতির উপর ঘর্ষণের প্রভাব ব্যাখ্যা কর।

২

গ. ট্রাক দুইটির মিলিত বেগ নির্ণয় কর।

৩

ঘ. ভরবেগের সংরক্ষণ সূত্র কীভাবে নিউটনের তৃতীয় সূত্রকে সমর্থন করে, গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

২ নং প্রশ্নের উত্তর

ক বস্তু যে অবস্থায় আছে চিরকাল সে অবস্থায় থাকতে চাওয়ার প্রবণতা বা সে অবস্থা বজায় রাখতে চাওয়ার ধর্মই জড়তা।

খ ঘর্ষণ আমাদের দৈনন্দিন জীবনে অনেক সমস্যা সৃষ্টি করলেও চলাচল ও যানবাহন চালনার জন্য ঘর্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যেমন, গাড়ির টায়ার এবং রাস্তার মধ্যবর্তী ঘর্ষণ আছে বলেই গাড়ি চালনা সম্ভব হয়েছে। বস্তুর গতির ওপর রাস্তার মসৃণতার প্রভাব অনেক বেশি। রাস্তা মসৃণ হলে রাস্তার যানবাহন চলাচল সহজতর হয় এবং ভ্রমণ আরামদায়ক হয়। রাস্তা যত বেশি মসৃণ হবে বাধাদানকারী ঘর্ষণ বলের মানও তত কম হবে। গাড়ির টায়ার এবং রাস্তার মধ্যবর্তী ঘর্ষণ বলের মান টায়ারের এবং একই সাথে রাস্তার মসৃণতার ওপর নির্ভর করে। ঘর্ষণ বলের পরিমাণ অনেক কমে গেলে নানা ধরনের সমস্যারও সৃষ্টি হয়। তাই রাস্তাকে খুব বেশি মসৃণ করাও ঠিক নয়। ব্রেক হচ্ছে এমন এক ব্যবস্থা যা ঘর্ষণের পরিমাণ বৃদ্ধি করে গাড়ির গতি তথা চাকার ঘূর্ণনকে প্রয়োজন অনুযায়ী নিয়ন্ত্রণ করে। এর মাধ্যমে যানবাহনকে নির্দিষ্ট স্থানে থামানো সম্ভবপর হয়।

গ দেওয়া আছে,

গতিশীল ট্রাকের ভর, $m_1 = 700 \text{ kg}$

স্থির ট্রাকের ভর, $m_2 = 1300 \text{ kg}$

সংঘর্ষের পূর্বে, ১ম ট্রাকের গতিবেগ, $u_1 = 20 \text{ ms}^{-1}$

এবং ২য় ট্রাকের গতিবেগ, $u_2 = 0 \text{ ms}^{-1}$

বের করতে হবে, ট্রাক দুইটির মিলিত বেগ, $v = ?$

ভরবেগের সংরক্ষণ সূত্রানুসারে, $m_1 u_1 + m_2 u_2 = m_1 v + m_2 v$

$$\therefore v = \frac{m_1 u_1 + m_2 u_2}{m_1 + m_2} = \frac{700 \text{ kg} \times 20 \text{ ms}^{-1} + 1300 \text{ kg} \times 0 \text{ ms}^{-1}}{700 \text{ kg} + 1300 \text{ kg}} = 7 \text{ ms}^{-1} \text{ (Ans.)}$$

ঘ মনে করি, m_1 ও m_2 ভরের দুটি বস্তুকণা পরস্পরের সাথে সংঘর্ষে লিপ্ত হয়। এক্ষেত্রে বস্তুদ্বয়ের ওপর যথাক্রমে F_1 ও F_2 বল প্রযুক্ত হয়। সংঘর্ষের পূর্বে বস্তুদ্বয়ের বেগ যথাক্রমে u_1 ও u_2 এবং সংঘর্ষের পরে এদের বেগ যথাক্রমে v_1 ও v_2 । সংঘর্ষের ক্রিয়াকাল t ।

ভরবেগের সংরক্ষণ সূত্রানুসারে,

$$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } m_1 v_1 - m_1 u_1 = m_2 u_2 - m_2 v_2$$

$$\text{বা, } m (v_1 - u_1) = -m_2 (v_2 - u_2)$$

$$\text{বা, } m_1 \frac{v_1 - u_1}{t} = -m_2 \frac{v_2 - u_2}{t}$$

$$\text{বা, } m_1 a_1 = -m_2 a_2 \text{ [সংঘর্ষকালে বস্তুদ্বয়ের ত্বরণ যথাক্রমে } a_1 \text{ ও } a_2 \text{]}$$

বা, $F_1 = -F_2$, যা নিউটনের গতির তৃতীয় সূত্রের গাণিতিক রূপ।
এভাবে, ভরবেগের সংরক্ষণ সূত্র নিউটনের তৃতীয় সূত্রকে সমর্থন করে।

প্রশ্ন ৩ তানজুম 50g ভরের একটি পাথরকে 60ms^{-1} বেগে ভূমির সমান্তরালে নিক্ষেপ করে।

- ক. মাত্রা কাকে বলে? ১
খ. 10N বল বলতে কী বোঝায়? ২
গ. পাথরটি যদি সমবেগে গতিশীল থাকে তবে 4s এ এটি কত দূরত্ব অতিক্রম করে, তা নির্ণয় কর। ৩
ঘ. 9N বাধাদানকারী বল প্রয়োগ করে পাথরটিকে 10m দূরত্বে থামানো সম্ভব হবে কি? গাণিতিক বিশ্লেষণের মতামত দাও। ৪

৩ নং প্রশ্নের উত্তর

ক কোনো ভৌত রাশিতে উপস্থিত মৌলিক রাশিগুলোর সূচককে এর মাত্রা বলে।

খ $10\text{N} = 1\text{kg} \times 10\text{ms}^{-2}$

সুতরাং 10N বল বলতে বোঝায়, যে পরিমাণ বল 1 kg ভরের বস্তুর ওপর ক্রিয়া করে এতে 10ms^{-2} ত্বরণ সৃষ্টি করে।

গ দেওয়া আছে,

পাথরটির আদিবেগ, $u = 60\text{ms}^{-1}$

ত্বরণ, $a = 0\text{ms}^{-2}$ [\because সমবেগ]

সময়কাল, $t = 4\text{sec}$

বের করতে হবে, দূরত্ব (সরণ), $s = ?$

আমরা জানি, $s = ut + \frac{1}{2}at^2$

$$= 60\text{ms}^{-1} \times 4\text{sec} + \frac{1}{2} \times 0\text{ms}^{-2} \times (4\text{sec})^2$$

$$= 240\text{m} + 0\text{m}$$

$$= 240\text{m} \text{ (Ans.)}$$

ঘ পাথরটির ভর, $m = 50\text{g} = 0.05\text{kg}$

9N বাধাদানকারী বল প্রয়োগ করা হলে পাথরটির মন্দন হবে,

$$a = F/m \text{ [}\because F = ma\text{]}$$

$$= 9\text{N}/0.05\text{kg}$$

$$= 180\text{ms}^{-2}$$

পাথরটির আদিবেগ, $u = 60\text{ms}^{-1}$

শেষবেগ, $v = 0\text{ms}^{-1}$ [\because থেমে গেল]

থেমে যাওয়ার আগ পর্যন্ত s পরিমাণ দূরত্ব অতিক্রম করলে,

$$v^2 = u^2 - 2as$$


$$\text{বা, } 2as = u^2 - v^2$$

$$\therefore s = \frac{u^2 - v^2}{2a} = \frac{(60\text{ms}^{-1})^2 - (0\text{ms}^{-1})^2}{2 \times 180\text{ms}^{-2}}$$

$$= 10\text{m}$$

সুতরাং 9N বাধাদানকারী বল প্রয়োগ করে পাথরটিকে 10m দূরত্বে থামানো সম্ভব হবে।

প্রশ্ন ৪



চিত্র ৪ 10 kg ভরের একটি বস্তুর ভরবেগ-সময় লেখচিত্র

- ক. ভরবেগের সংরক্ষণ সূত্রটি লিখ। ১
খ. চলন্ত বাস হতে বাইরের গাছপালাগুলোকে গতিশীল মনে হয়— ব্যাখ্যা কর। ২
গ. বস্তুর ১ম 25 s এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩
ঘ. চিত্রে OA, AB ও CD অংশে ক্রিয়াশীল বল গাণিতিকভাবে তুলনা কর। ৪

৪ নং প্রশ্নের উত্তর

ক একাধিক বস্তুর মধ্যে শুধু ক্রিয়া ও প্রতিক্রিয়া ছাড়া অন্য কোনো বল কাজ না করলে কোনো নির্দিষ্ট দিকে তাদের মোট ভরবেগের কোনো পরিবর্তন হয় না।

খ চলন্ত বাস হতে বাইরের গাছপালাগুলোকে গতিশীল মনে হয় আপেক্ষিক বেগের কারণে। প্রত্যেক পর্যবেক্ষক তার নিজ কাঠামোকে স্থির দেখে। চলন্ত বাসের যাত্রি বাসটিকে স্থির দেখবে কিন্তু তার কাছে মনে হবে গাছপালাগুলো বিপরীত দিকে গতিশীল।

গ দেওয়া আছে,

$$\text{বস্তুর ভর, } m = 10 \text{ kg}$$

$$\text{সময়, } t_1 = 20 \text{ s}$$

$$\text{ধরি, } t_1 \text{ সময়ে অতিক্রান্ত দূরত্ব} = s_1$$

$$\text{পরবর্তী সমবেগে অতিক্রান্ত সময়, } t_2 = 5 \text{ s}$$

$$20 \text{ s পরে ভরবেগ, } P = 200 \text{ kg m s}^{-1}$$

$$\text{বেগ, } v = \frac{200 \text{ kg m s}^{-1}}{10 \text{ kg}} = 20 \text{ m s}^{-1}$$

$$\text{আদিবেগ, } u = 0 \text{ m s}^{-1}$$

$$\text{সুষম ত্বরনের ক্ষেত্রে, } s_1 = \frac{u+v}{2} t_1 = \frac{0+20 \text{ m s}^{-1}}{2} \times 20 \text{ s}$$

$$= 200 \text{ m}$$

$$s_2 = vt = 20 \text{ m s}^{-1} \times 5 \text{ s}$$

$$= 100 \text{ m}$$

∴ প্রথম 25 সেকেন্ডে মোট অতিক্রান্ত দূরত্ব,

$$s = s_1 + s_2 = 200 \text{ m} + 100 \text{ m}$$

$$= 300 \text{ m (Ans.)}$$

ঘ আমরা জানি, বস্তুর উপর ক্রিয়াশীল বল এর ভরবেগের পরিবর্তনের হারের সমান।

চিত্র থেকে দেখা যায়, OA অংশে ভরবেগের পরিবর্তন,

$$\Delta P = 200 \text{ kg m s}^{-1} - 0 = 200 \text{ kg m s}^{-1}$$

সময়ের পরিবর্তন, $\Delta t = 20 \text{ s} - 0 = 20 \text{ s}$

সুতরাং ক্রিয়াশীল বল,

$$F_{OA} = \frac{\Delta P}{\Delta t} = \frac{200 \text{ kg m s}^{-1}}{20 \text{ s}}$$

$$= 10 \text{ N}$$

AB অংশে ভরবেগের পরিবর্তন,

$$\Delta P = 200 \text{ kg m s}^{-1} - 200 \text{ kg m s}^{-1} = 0$$

সময়ের পরিবর্তন, $\Delta t = 45 \text{ s} - 20 \text{ s} = 25 \text{ s}$

সুতরাং ক্রিয়াশীল বল,

$$F_{AB} = \frac{\Delta P}{\Delta t} = \frac{0}{25 \text{ s}}$$

$$= 0 \text{ N}$$

CD অংশে ভরবেগের পরিবর্তন,

$$\Delta P = 0 \text{ kg m s}^{-1} - 300 \text{ kg m s}^{-1} = -300 \text{ kg m s}^{-1}$$

সময়ের পরিবর্তন, $\Delta t = 90 \text{ s} - 60 \text{ s} = 30 \text{ s}$


সুতরাং ক্রিয়াশীল বল,

$$F_{CD} = \frac{\Delta P}{\Delta t} = \frac{-300 \text{ kg m s}^{-1}}{30 \text{ s}}$$

$$= -10 \text{ N}$$

চিত্রের OA অংশে ক্রিয়াশীল বল সবচেয়ে বেশি, AB অংশে কোনো বল ক্রিয়া করে না এবং CD অংশে সবচেয়ে কম। CD অংশে বাধাদানকারী বল ক্রিয়া করে।

প্রশ্ন ▶ ৫



এখানে ঘর্ষণ বল 10 N

ক. পড়ন্ত বস্তুর ওয় সূত্রটি লিখ।

১

খ. বৈদ্যুতিক পাখার সুইচ বন্ধ করার সাথে সাথে থেমে যায় না কেন— ব্যাখ্যা কর।

২

গ. F নির্ণয় কর।

৩

ঘ. 100 m অতিক্রম করার পর প্রযুক্ত বল অপসারণ করলে বস্তুটি প্রথম থেকে সর্বমোট কত সময় পর থেমে যাবে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর।

8

৫ নং প্রশ্নের উত্তর

ক স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তু নির্দিষ্ট সময়ে যে দূরত্ব (h) অতিক্রম করে তা ঐ সময়ের (t) বর্গের সমানুপাতিক অর্থাৎ $h \propto t^2$ ।
খ বৈদ্যুতিক পাখার সুইচ বন্ধ করার সাথে সাথে পাখাটি বন্ধ হয় না। কারণ গতির জড়তা ধর্মের কারণে গতিশীল বস্তুটি এর গতি বজায় রাখার প্রবণতা দেখায় ফলে পাখাটি আরো কিছু সময় পর্যন্ত ঘোরে, এবং বায়ুর বাধা ও ফ্যানের স্যাফটের ঘর্ষণের কারণে ধীরে ধীরে থেমে যায়।

গ দেওয়া আছে,

$$P \text{ বস্তুর আদিবেগ, } u = 0 \text{ m s}^{-1}$$

$$\text{শেষবেগ, } v = 40 \text{ m s}^{-1}$$

$$\text{সরণ, } s = 100 \text{ m}$$

$$P \text{ বস্তুর ভর, } m = 5 \text{ kg}$$

$$\text{ঘর্ষণ বল, } F' = 10 \text{ N}$$

$$\text{প্রযুক্ত বল, } F = ?$$

আমরা জানি,

$$v^2 = u^2 + 2as$$

$$\therefore a = \frac{v^2 - u^2}{2s} = \frac{(40 \text{ m s}^{-1})^2 - (0 \text{ m s}^{-1})^2}{2 \times 100 \text{ m}}$$

$$a = 8 \text{ m s}^{-2}$$

$$\therefore \text{প্রযুক্ত বল, } F = ma + F' = 5 \text{ kg} \times 8 \text{ m s}^{-2} + 10 \text{ N}$$

$$= 50 \text{ N (Ans.)}$$

ঘ দেওয়া আছে, $s_1 = 100 \text{ m}$ সরণের জন্য

$$\text{আদিবেগ, } u = 0 \text{ m s}^{-1}$$

$$\text{শেষবেগ, } v = 40 \text{ m s}^{-1}$$

$$\text{সময়, } t_1 = ?$$

আমরা জানি,

$$s_1 = \frac{u + v}{2} t_1 = \frac{0 + 40 \text{ m s}^{-1}}{2} t_1 = 20 \text{ m s}^{-1} \times t_1$$

$$\therefore t_1 = \frac{100 \text{ m}}{20 \text{ m s}^{-1}} = 5 \text{ s}$$

প্রযুক্ত বল অপসারণের পর বস্তুর উপর ঘর্ষণ বল ক্রিয়া করবে, অর্থাৎ ক্রিয়াশীল বল $F = -10 \text{ N}$

$$\text{সুতরাং ত্বরণ, } a = \frac{F}{m} = \frac{-10 \text{ N}}{5 \text{ kg}} = -2 \text{ m s}^{-2}$$

$$\text{এক্ষেত্রে আদিবেগ, } u = 40 \text{ m s}^{-1}$$

$$\text{শেষবেগ, } v = 0 \text{ m s}^{-1}$$

বল অপসারণের পর থেকে থেমে যাওয়া পর্যন্ত সময় t_2 হলে আমরা পাই,

$$a = \frac{v - u}{t_2}$$

$$\therefore t_2 = \frac{0 \text{ m s}^{-1} - 40 \text{ m s}^{-1}}{-2 \text{ m s}^{-2}}$$

$$= 20 \text{ s}$$

$$\therefore \text{মোট সময়, } t = t_1 + t_2 = (5 + 20) \text{ s}$$

$$= 25 \text{ s (Ans.)}$$

প্রশ্ন ৬ স্থির অবস্থান থেকে যাত্রা শুরু করে 600kg ভরের একটি ট্রাক 0.2ms⁻² সুসম ত্বরণে 60s চলার পর 400 kg ভরের একটি স্থির পিকআপ ভ্যানের সাথে ধাক্কা খেয়ে আটকে একত্রে 7.2ms⁻¹ বেগে চলতে থাকে।

ক. পিছলানো ঘর্ষণ কী? ১

খ. সাম্য ও অসাম্য বলের মধ্যে দুটি পার্থক্য লিখ। ২

গ. উদ্দীপকের ট্রাকটি পিকআপ ভ্যানের সাথে ধাক্কা খাওয়ার আগে কত দূরত্ব অতিক্রম করবে নির্ণয় কর। ৩

ঘ. উপরোক্ত ঘটনা ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে কী? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৬ নং প্রশ্নের উত্তর

ক যখন একটি বস্তু অন্য একটি বস্তু তথা তলের উপর দিয়ে পিছলিয়ে বা ঘষে চলতে চেষ্টা করে বা চলে তখন যে ঘর্ষণের সৃষ্টি হয় তাকে পিছলানো ঘর্ষণ বা বিসর্প ঘর্ষণ বলে।

খ সাম্য ও অসাম্য বলের মধ্যে দুটি পার্থক্য:

সাম্য বল	অসাম্য বল
১. যে বলগুলো কোনো	১. যে বলগুলো কোনো

বস্তুর ওপর ক্রিয়া করে সাম্যবাহুর সৃষ্টি করে তাকে সাম্য বল বলে।	বস্তুর ওপর ক্রিয়া করে সাম্যবাহুর সৃষ্টি করে না তাকে অসাম্য বল বলে।
২. এক্ষেত্রে ক্রিয়াশীল বলগুলোর লব্ধি শূন্য।	২. এক্ষেত্রে ক্রিয়াশীল বলগুলোর লব্ধি শূন্য হয় না।

গ দেওয়া আছে,

$$\text{ট্রাকটির আদিবেগ, } u = 0 \text{ ms}^{-1}$$

$$\text{ত্বরণ, } a = 0.2 \text{ ms}^{-2}$$

$$\text{সময়কাল, } t = 60 \text{ s}$$

বেগ করতে হবে, দূরত্ব (সরণ), $s = ?$

আমরা জানি,

$$s = ut + \frac{1}{2} at^2$$

$$= 0 \times 60 + \frac{1}{2} \times 0.2 \times (60)^2$$

$$= 360 \text{ m (Ans.)}$$

ঘ এখানে,

$$\text{ট্রাকের ত্বরণ, } a = 0.2 \text{ ms}^{-2}$$

$$\text{সময়, } t = 60 \text{ s}$$

$$\text{আদিবেগ, } u = 0 \text{ ms}^{-1}$$

ধাক্কার পূর্বে ট্রাকের বেগ, $u_1 = u + at$

$$= 0 + 0.2 \times 60$$

$$= 12 \text{ ms}^{-1}$$

আবার,

$$\text{ট্রাকের ভর, } m_1 = 600 \text{ kg}$$

$$\text{ধাক্কার পূর্বে ট্রাকের বেগ, } u_1 = 12 \text{ ms}^{-1}$$

$$\text{ধাক্কার পর ট্রাকের বেগ, } v_1 = 7.2 \text{ ms}^{-1}$$

$$\text{পিকআপ ভ্যানের ভর, } m_2 = 400 \text{ kg}$$

$$\text{ধাক্কার পূর্বে বেগ, } u_2 = 0 \text{ ms}^{-1}$$

$$\text{ধাক্কার পরে বেগ, } v_2 = 7.2 \text{ ms}^{-1}$$

$$\text{ধাক্কার পূর্বে ভরবেগের সমষ্টি} = m_1 u_1 + m_2 u_2$$

$$= 600 \times 12 + 400 \times 0$$

$$= 7200 \text{ kgms}^{-1}$$


$$\text{ধাক্কার পরে ভরবেগের সমষ্টি} = m_1 v_1 + m_2 v_2$$

$$= 600 \times 7.2 + 400 \times 7.2$$

$$= 7200 \text{ kgms}^{-1}$$

যেহেতু ধাক্কার পূর্বে এবং পরে ট্রাক এবং পিকআপ ভ্যানের ভরবেগের সমষ্টি সমান তাই এক্ষেত্রে ঘটনাটি ভরবেগের সংরক্ষণ সূত্র সমর্থন করে।

প্রশ্ন ৭



যাত্রা শুরু করার একটি নির্দিষ্ট সময় পরে P ও Q গাড়ি দুটির মধ্যে সংঘর্ষ হলো এবং মিলিত বেগ 2 m s^{-1} হলো Q এর দিকে।

ক. সাম্য বল কী? ১

খ. বস্তুর আকারের উপর বলের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. যাত্রা শুরুর কত সময় পর P ও Q গাড়ি দুটি মিলিত হবে? ৩

ঘ. উদ্দীপকটি ভরবেগের সংরক্ষণশীল নীতিকে সমর্থন করলেও গতিশক্তি সংরক্ষিত হয়নি— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ নং প্রশ্নের উত্তর

ক কোনো বস্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলের লব্ধি শূন্য হয় অর্থাৎ বস্তুর কোনো ত্বরণ না হয়, তখন যেই বলগুলো এই সাম্যাবস্থা সৃষ্টি করে তাদেরকে সাম্য বল বলে।

খ কোনো বস্তুর ওপর বল প্রয়োগের ফলে যদি এর গতীয় অবস্থার পরিবর্তন না হয় তবে এর আকার বা আকৃতির পরিবর্তন হতে পারে। যেমন— একটি প্লাস্টিকের খালি বোতল জোরে চেপে ধরলে দুমড়ে-মুচড়ে যায়, অথবা একটি রাবার বারকে দুপ্রান্ত ধরে টানলে দৈর্ঘ্য বাড়ে ও চিকন হয়ে যায়। এ দুটি ক্ষেত্রে বল প্রয়োগের ফলে এদের আকারের পরিবর্তন হয়েছে।

কোনো কোনো ক্ষেত্রে বলের ক্রিয়ায় বস্তুর আকার পরিবর্তন স্থায়ী আবার কোনো কোনো ক্ষেত্রে ক্ষণস্থায়ী হয়। উপরের উদাহরণে প্লাস্টিকের বোতলের ওপর থেকে বল অপসারিত হলে তা আর পূর্বের অবস্থা ফিরে পায় না অর্থাৎ পরিবর্তন স্থায়ী হয়েছে। কিন্তু রাবার বারকে ছেড়ে দিলে আবার পূর্বের অবস্থা ফিরে পায়। অর্থাৎ রাবারের আকারের পরিবর্তন ক্ষণস্থায়ী।

গ দেওয়া আছে,

P বস্তুর বেগ, $v_P = 12 \text{ m s}^{-1}$

Q বস্তুর বেগ, $v_Q = -10 \text{ m s}^{-1}$ [P এর বেগের বিপরীত দিকে গতিশীল]

P ও Q এর মধ্যবর্তী দূরত্ব $= 1.10 \text{ km} = 1100 \text{ m}$

মনে করি, যাত্রা শুরু করার সময় t পর P থেকে x দূরত্বে এরা পরস্পর মিলিত হবে।

অতএব, P কর্তৃক অতিক্রান্ত দূরত্ব, $x = v_P t$

Q কর্তৃক অতিক্রান্ত দূরত্ব, $1100 - x = v_Q t$

সুতরাং $1100 = v_P t + v_Q t = (12 + 10) t = 22 t$

$$\therefore t = \frac{1100}{22} \text{ s} = 50 \text{ s (Ans.)}$$

ঘ দেওয়া আছে,

P বস্তুর ভর, $m_1 = 600 \text{ kg}$

Q বস্তুর ভর, $m_2 = 500 \text{ kg}$

P বস্তুর আদিবেগ, $u_1 = 12 \text{ m s}^{-1}$

Q বস্তুর আদিবেগ, $u_2 = -10 \text{ m s}^{-1}$

P ও Q বস্তুর মিলিত বেগ, $v = 2 \text{ m s}^{-1}$

সংঘর্ষের পূর্বে মোট ভরবেগ $= m_1 u_1 + m_2 u_2 = 600 \times 12 + 500(-10)$
 $= 2200 \text{ kg m s}^{-1}$

সংঘর্ষের পর মোট ভরবেগ $= m_1 v + m_2 v = 600 \times 2 + 500 \times 2$
 $= 2200 \text{ kg m s}^{-1}$

যেহেতু সংঘর্ষের পূর্বের ও পরের ভরবেগের সমষ্টি সমান, তাই বলা যায়, ভরবেগের সংরক্ষণশীলতা নীতিকে সমর্থন করে। আবার,

$$\begin{aligned} \text{সংঘর্ষের পূর্বে গতিশক্তির সমষ্টি} &= \frac{1}{2} m_1 u_1^2 + \frac{1}{2} m_2 u_2^2 \\ &= \frac{1}{2} \times 600 \times 12^2 + \frac{1}{2} \times 500 \times 10^2 \\ &= 43200 \text{ J} + 25000 \text{ J} \\ &= 68200 \text{ J} \end{aligned}$$

$$\begin{aligned} \text{সংঘর্ষের পর গতিশক্তির সমষ্টি} &= \frac{1}{2} m_1 v^2 + \frac{1}{2} m_2 v^2 \\ &= \frac{1}{2} \times 600 \times 2^2 + \frac{1}{2} \times 500 \times 2^2 \\ &= 1200 \text{ J} + 1000 \text{ J} \\ &= 2200 \text{ J} \end{aligned}$$

যেহেতু বস্তুদ্বয়ের সংঘর্ষের পূর্বের ও পরের গতিশক্তির সমষ্টি সমান নয়, তাই বলা যায়, গতিশক্তি সংরক্ষিত হয়নি।

প্রশ্ন ▶ চ একটি বন্দুক থেকে 10 g ভরের একটি গুলি 600 ms^{-1} বেগে নির্গত হওয়ার সময় 2 ms^{-1} বেগে পিছনে ধাক্কা দেয়।

ক. লঘিষ্ঠ গণন কী? ১

খ. স্ক্রু গজের লঘিষ্ঠ গণন 0.01 mm বলতে কী বুঝায়? ২

গ. বন্দুকটির ভর নির্ণয় কর। ৩

ঘ. কী কী ব্যবস্থা অবলম্বন করে বন্দুকটির পশ্চাৎবেগের মান আরও কমানো যায়? গাণিতিক যুক্তিসহ আলোচনা কর। ৪

৮ নং প্রশ্নের উত্তর

ক স্ক্রু-গজের বৃত্তাকার স্কেলের মাত্র এক ভাগ ঘুরালে এর প্রান্ত বা স্ক্রুটি যতটুকু সরে আসে তাকে বলা হয় যন্ত্রের লঘিষ্ঠ গণন।

খ স্ক্রু-গজের লঘিষ্ঠ গণন 0.01 mm বলতে বুঝায় এর বৃত্তাকার স্কেলের মাত্র এক ভাগ ঘুরালে এর প্রান্ত বা স্ক্রুটি 0.01 mm সরে আসে। যদি এই যন্ত্রের বৃত্তাকার স্কেলের ভাগসংখ্যা 100 হয়, তবে পিচ হবে 1 mm ।

গ উদ্দীপক হতে পাই,

গুলির ভর, $m_1 = 10 \text{ g} = 10 \times 10^{-3} \text{ kg}$

গুলির আদিবেগ, $u_1 = 0 \text{ ms}^{-1}$

গুলির শেষ বেগ, $v_1 = 600 \text{ ms}^{-1}$
 বন্দুকের আদিবেগ, $u_2 = 0 \text{ ms}^{-1}$
 বন্দুকের পশ্চাৎ বেগ, $v_2 = -2 \text{ ms}^{-1}$ [গুলির বেগের দিক
 ধন্বক বিবেচনা করে]
 বন্দুকের ভর, $m_2 = ?$

আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } 10 \times 10^{-3} \times 0 + m_2 \times 0 = 10 \times 10^{-3} \times 600 + m_2(-2)$$

$$\text{বা, } 0 = 6 - 2m_2$$

$$\text{বা, } 2m_2 = 6$$

$$\text{বা, } m_2 = \frac{6}{2}$$

$$\therefore m_2 = 3 \text{ kg (Ans.)}$$

ঘ ধরি, গুলির ভর = m_1

বন্দুকের ভর = m_2

গুলির আদিবেগ, $u_1 = 0$

বন্দুকের আদিবেগ, $u_2 = 0$

গুলির শেষ বেগ = v_1

বন্দুকের পশ্চাৎ বেগ = v_2

আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } m_1 \times 0 + m_2 \times 0 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } m_1 v_1 + m_2 v_2 = 0$$

$$\text{বা, } v_2 = -\frac{m_1 v_1}{m_2} \dots\dots\dots (i)$$

(i) নং সমীকরণ অনুসারে m_1 এর মান কমালে এবং m_2 এর মান বাড়ালে বন্দুকের পশ্চাৎ বেগ কমবে। আবার, v_1 এর মান কমলেও v_2 এর মান কমবে।

অতএব, বন্দুকের পশ্চাৎ বেগের মান আরও কমাতে হলে নিম্নলিখিত তিনটি ব্যবস্থা গ্রহণ করা যাবে—

(i) গুলির ভর কমাতে হবে

(ii) বন্দুকের ভর বাড়াতে হবে।

(iii) গুলির বেগ কমাতে হবে।

প্রশ্ন ৯ 10g ভরের একটি বুলেট বন্দুক থেকে 1 km s^{-1} বেগে গুলি করা হল। বুলেটটি কাঠের ভিতর 3cm প্রবেশ করার পর থেমে গেল।

ক. অর্ধায়ু কি? ১

খ. সূত্রটি লিখ এবং ব্যাখ্যা করো। ২

গ. বন্দুকটির ভর 50 kg হলে, বন্দুকটির পশ্চাৎবেগ নির্ণয় করো। ৩

ঘ. উপাত্তের তথ্যের আলোকে বুলেটের উপর কার্যরত বাধাদানকারী বলের মান গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৯ নং প্রশ্নের উত্তর

ক কোনো তেজস্ক্রিয় পদার্থের মোট পরমাণুর ঠিক অর্ধেক ক্ষয়প্রাপ্ত হতে যে সময় লাগে তা হলো ঐ পদার্থের অর্ধায়ু।

খ একজোড়া নির্দিষ্ট মাধ্যম এবং নির্দিষ্ট বর্ণের আলোক রশ্মির ক্ষেত্রে আপতন কোণের সাইন এবং প্রতিসরণ কোণের সাইনের অনুপাত সর্বদা ধ্রুবক।

আপতন কোণ i ও প্রতিসরণ কোণ r হলে, সূত্রানুসারে,

$$\frac{\sin i}{\sin r} = \text{ধ্রুবক}$$

$i_1, i_2, i_3 \dots\dots\dots$ আপতন কোণের জন্য প্রতিসরণ কোণ $r_1, r_2, r_3 \dots\dots\dots$ ইত্যাদি হলে,

$$\frac{\sin i_1}{\sin r_1} = \frac{\sin i_2}{\sin r_2} = \frac{\sin i_3}{\sin r_3} = \dots\dots\dots = \text{ধ্রুবক।}$$

গ দেওয়া আছে,

$$\text{গুলির ভর, } m = 10 \text{ gm}$$

$$= 10 \times 10^{-3} \text{ kg}$$

$$\text{গুলির বেগ, } v = 1 \text{ km s}^{-1}$$

$$= 1000 \text{ ms}^{-1}$$

$$\text{বন্দুকের ভর, } M = 50 \text{ kg}$$

ধরি, বন্দুকের বেগ = V

ভরবেগের সংরক্ষণ সূত্রানুসারে, $MV = -mv$

$$\begin{aligned}\text{বা, } V &= -\frac{mv}{M} \\ &= -\frac{10 \times 10^{-3} \times 1000}{50} \text{ ms}^{-1} \\ &= -0.2 \text{ ms}^{-1}\end{aligned}$$

সুতরাং বন্দুকের পশ্চাৎ বেগ 0.2 ms^{-1} । (Ans.)

ঘ দেওয়া আছে,

$$\begin{aligned}\text{গুলির আদিবেগ, } u &= 1 \text{ kms}^{-1} \\ &= 1000 \text{ ms}^{-1} \\ \text{গুলি কর্তৃক অতিক্রান্ত দূরত্ব, } s &= 3 \text{ cm} \\ &= 0.03 \text{ m} \\ \text{গুলির শেষ বেগ, } v &= 0 \text{ ms}^{-1}\end{aligned}$$

ধরি, গুলির মন্দন = a

তাহলে, $v^2 = u^2 - 2as$

বা, $0^2 = (1000)^2 - 2 \times a \times 0.03$

বা, $0.06 a = 1000000$

$$\begin{aligned}\therefore a &= \frac{1000000}{0.06} \\ &= 1.67 \times 10^7 \text{ ms}^{-2}\end{aligned}$$

এখানে, গুলির ভর, $m = 10 \text{ gm}$

$$= 10 \times 10^{-3} \text{ kg}$$

ধরি, বাঁধাদানকারী বলের মান = F

তাহলে, $F = ma$

$$\begin{aligned}&= 10 \times 10^{-3} \text{ kg} \times 1.67 \times 10^7 \text{ ms}^{-2} \\ &= 1.67 \times 10^5 \text{ N}\end{aligned}$$

অর্থাৎ গুলিটি কাঠের ভিতর প্রবেশ করলে $1.67 \times 10^5 \text{ N}$ বাধাদানকারী বল অনুভব করে।

প্রশ্ন ১০ 950kg ভরবিশিষ্ট 50 kmph বেগে গতিশীল একটি বস্তু বিপরীত দিক থেকে আগত 700kg ভর এবং 65kmph বেগের অপর একটি বস্তুর সাথে সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষের পর তারা একটি বস্তু হিসেবে চলতে থাকে।

ক. ঘর্ষণ বল কাকে বলে? ১

খ. একট স্থির বাস হঠাৎ চলতে শুরু করলে যাত্রী পিছনের দিকে ঝুঁকে যায় কেন? ২

গ. মিলিত বস্তুর বেগ নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের ঘটনাটি কি ভরবেগের সংরক্ষণ সূত্রে সমর্থন করে— গাণিতিকভাবে বিশ্লেষণ দাও। ৪

১০ নং প্রশ্নের উত্তর

ক একটি বস্তু যখন অন্য একটি বস্তুর সংস্পর্শে থেকে একের উপর দিয়ে অপরটি চলতে চেষ্টা করে বা চলতে থাকে তখন বস্তুদ্বয়ের স্পর্শতলে গতির বিরুদ্ধে একটি ধারার উৎপত্তি হয়, এই বাধাদানকারী বলকে ঘর্ষণ বল বলে।

খ বাস যখন স্থির অবস্থায় থাকে তখন যাত্রীও স্থির অবস্থায় থাকে। বাস হঠাৎ চলতে শুরু করলে বাসের সাথে সাথে যাত্রীর শরীরের নিচের অংশ গতিপ্রাপ্ত হয় এবং সামনে এগিয়ে যায়। কিন্তু যাত্রীর উপরের অংশ স্থিতি জড়তার দরুন পিছনের দিকে ঝুঁকে পড়ে।

গ দেওয়া আছে,

প্রথম বস্তুর ভর, $m_1 = 950 \text{ kg}$

বেগ, $V_1 = 50 \text{ kmph}$

$$= 13.89 \text{ ms}^{-1}$$

দ্বিতীয় বস্তুর ভর, $m_2 = 700 \text{ kg}$

বেগ, $V_2 = -65 \text{ km/ph}$ [বিপরীত দিক]

$$= -18.06 \text{ ms}^{-1}$$

বের করতে হবে, বস্তু দুটির মিলিত বেগ, $V = ?$

আমরা জানি,

$$(m_1 + m_2) V = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } V = \frac{m_1 v_1 + m_2 v_2}{m_1 + m_2}$$

$$\text{বা, } V = \frac{950 \times 13.89 + 700 \times (-18.06)}{950 + 700}$$

বা, $V = 0.3355 \text{ms}^{-1}$

$\therefore V = 1.21 \text{ kmph}$; ১ম বস্তুর দিকে (Ans.)

ঘ উদ্দীপক অনুসারে,

প্রথম বস্তুর ভর, $m_1 = 950 \text{ kg}$

বেগ, $V_1 = 50 \text{ kmph} = 13.89 \text{ ms}^{-1}$

দ্বিতীয় বস্তুর ভর, $m_2 = 700 \text{ kg}$

বেগ, $V_2 = -65 \text{ kmph} = -18.06 \text{ ms}^{-1}$

'গ' অংশ হতে পাই,

মিলিত বস্তুর বেগ, $V = 0.3355 \text{ ms}^{-1}$

\therefore প্রথম বস্তুর আদি ভরবেগ = m_1V_1

$= 950 \times 13.89 = 13195.5 \text{ kgm/s}$

দ্বিতীয় বস্তুর আদি ভরবেগ = m_2V_2

$= 700 \times (-18.06) = -12642 \text{ kgm/s}$

\therefore মোট আদি ভর বেগ, $P_0 = m_1V_1 + m_2V_2$

$= 13195.5 - 12642$

$= 553.5 \text{ kgm/s}$

মিলিত বস্তুর ভরবেগ, $P = (m_1 + m_2)V$


$= (950 + 700) \times 0.3355$

$= 553.5 \text{ kg, ms}$

সুতরাং বস্তুদ্বয়ের মোট আদি ভরবেগ, $P_0 =$ মিলিত বস্তুর ভরবেগ, P

অর্থাৎ, উদ্দীপকের ঘটনাটি ভরবেগের সংরক্ষণ সূত্র সমর্থন করে।

প্রশ্ন ১১ নিচের ঘটনায় একটি স্থিতিস্থাপক সংঘর্ষ ঘটছে।



ক. ভরবেগের সংরক্ষণ সূত্রটি লেখ।

১

খ. 10 kg ভরের বস্তুর ভরবেগের পরিবর্তন কত হবে? ২

গ. সংঘর্ষের পরে 5 kg ভরের বস্তুর বেগ এবং বেগের দিক নির্ণয় করো। ৩

ঘ. সংঘর্ষের সময়কাল যদি 0.1 sec হয় তাহলে উপরের ঘটনা কি নিউটনের গতির তৃতীয় সূত্র সমর্থন করে? ব্যাখ্যা দাও। ৪

১১ নং প্রশ্নের উত্তর

ক একাধিক বস্তুর মধ্যে গুণু ক্রিয়া ও প্রতিক্রিয়া ছাড়া অন্য কোনো বল কাজ না করলে কোনো নির্দিষ্ট দিকে তাদের মোট ভরবেগের কোনো পরিবর্তন হয় না।

খ এখানে

বস্তুর ভর, $m = 10 \text{ kg}$

বস্তুর আদি বেগ, $u = -4 \text{ ms}^{-1}$ [5kg ভরের বস্তুর গতির দিক ধন্বক]

বস্তুর শেষ বেগ, $v = 1 \text{ ms}^{-1}$

ধরি, v এর দিক ধন্বক

\therefore ভরবেগের পরিবর্তন = $mv - mu$

$= (10 \times 1) - 10 \times (-4) \text{ kg ms}^{-1}$

$= 10 + 40 \text{ kgms}^{-1}$

$= 50 \text{ kgms}^{-1}$

সুতরাং ভরবেগের পরিবর্তন হবে 50 kgms^{-1} এবং এর দিক হবে v এর দিকে।

গ উদ্দীপক থেকে,

১ম বস্তুর ভর, $m_1 = 5 \text{ kg}$

১ম বস্তুর আদিবেগ, $u_1 = 10 \text{ ms}^{-1}$ [ধরি, u_1 -এর দিক ধন্বক]

২য় বস্তুর ভর, $m_2 = 10 \text{ kg}$

২য় বস্তুর আদিবেগ, $u_2 = -4 \text{ ms}^{-1}$

২য় বস্তুর শেষবেগ, $v_2 = 1 \text{ ms}^{-1}$

১ম বস্তুর শেষবেগ, $v_1 = ?$

ভরবেগের সংরক্ষণ সূত্র হতে,

আমরা জানি, $m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$

$$\text{বা, } v_1 = \frac{m_1 u_1 + m_2 u_2 - m_2 v_2}{m_1}$$

$$\text{বা, } v_1 = \frac{(5 \times 10) + (10 \times -4) - 10 \times 1}{5} \text{ ms}^{-1}$$

$$\text{বা, } v_1 = \frac{50 - 40 - 10}{5} \text{ ms}^{-1}$$

$$\text{বা, } v_1 = \frac{50 - 50}{5} \text{ ms}^{-1}$$

$$\therefore v_1 = 0 \text{ ms}^{-1} \text{ (Ans.)}$$

সুতরাং সংঘর্ষের পরে 5 kg ভরের বস্তুর বেগ হবে 0 ms⁻¹ অর্থাৎ বস্তুটি থেমে যাবে।

ঘ) এখানে,

১ম বস্তুর ভর, $m_1 = 5 \text{ kg}$

১ম বস্তুর আদিবেগ, $u_1 = 10 \text{ ms}^{-1}$ [ধরি, u_1 -এর দিক ধনাত্মক]

'গ' অংশ হতে ১ম বস্তুর শেষবেগ, $v_1 = 0 \text{ ms}^{-1}$

২য় বস্তুর ভর, $m_2 = 10 \text{ kg}$

২য় বস্তুর আদিবেগ, $u_2 = -4 \text{ ms}^{-1}$

২য় বস্তুর শেষবেগ, $v_2 = 1 \text{ ms}^{-1}$

সংঘর্ষের সময়কাল, $t = 0.1 \text{ s}$

উদ্দীপক অনুসারে,

m_1 ভরের বস্তু কর্তৃক m_2 ভরের বস্তুর উপর প্রযুক্ত বল = F_{small} এবং m_2 ভরের বস্তু কর্তৃক m_1 ভরের বস্তুর উপর প্রযুক্ত বল = F_{big}
উদ্দীপকের ঘটনাটি নিউটনের গতির তৃতীয় সূত্র সমর্থন করবে যদি, $F_{\text{big}} = -F_{\text{small}}$ হয়।

$$\text{এখন, } F_{\text{big}} = m_2 \frac{v_2 - v_1}{t}$$

$$= 10 \times \frac{1 - (-4)}{0.1} \text{ N}$$

$$= 10 \times \frac{5}{0.1} \text{ N}$$

$$\therefore F_{\text{big}} = 500 \text{ N}$$

$$\text{আবার, } F_{\text{small}} = m_1 \frac{u_2 - u_1}{t}$$


$$= 5 \times \frac{0 - 10}{0.1}$$

$$\therefore F_{\text{small}} = -500 \text{ N}$$

যেহেতু, $F_{\text{big}} = -F_{\text{small}}$

সুতরাং, উদ্দীপকের ঘটনাটি নিউটনের গতির তৃতীয় সূত্র সমর্থন করে।

প্রশ্ন ১২ একটি বুলেট যার বেগ 150ms⁻¹ এবং 4kg ভরের স্থির ব্লককে বিদ্ধ করে। চিত্র-১ এ সংঘর্ষের পরে তারা একসাথে গতিশীল হয়।



ক. সাম্য বলের সংজ্ঞা দাও। ১

খ. আমাদের মাটির উপর হাঁটা ব্যাখ্যা করো। ২

গ. সংঘর্ষের পরে তাদের উচ্চতা বের করো। ৩

ঘ. চিত্র-২ এ বস্তুর শক্তির অপচয় ঘটে। গাণিতিক হিসাবের মাধ্যমে তোমার যুক্তি দাও। ৪

১২ নং প্রশ্নের উত্তর

ক কোনো বস্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলের লব্ধি শূন্য হয় অর্থাৎ বস্তুর কোনো ত্বরণ না হয়, তখন যে বলগুলো এই সাম্যাবস্থা সৃষ্টি করে তাদেরকে সাম্য বল বলে।

খ দৈনন্দিন জীবনে আমরা মাটির উপর দিয়ে হাঁটি। আমরা যখন মাটির উপর দিয়ে হাঁটি তখন পেছনের পা দ্বারা মাটির উপর পেছনের দিকে তির্যকভাবে একটি বল প্রয়োগ করি। এ বল হলো ক্রিয়া বল। নিউটনের তৃতীয় সূত্র অনুযায়ী এই বলের বিপরীতে একটি প্রতিক্রিয়া বল সৃষ্টি হয়। এই প্রতিক্রিয়া বলের প্রভাবে আমরা রাস্তার উপর দিয়ে হাঁটতে সক্ষম হই।

গ চিত্র-১ হতে

$$\begin{aligned} \text{বুলেটের ভর, } m_1 &= 200 \text{ g} \\ &= 0.2 \text{ kg} \end{aligned}$$

$$\text{বুলেটের আদি বেগ, } u_1 = 150 \text{ ms}^{-1}$$

$$\text{ব্লকের ভর, } m_2 = 4 \text{ kg}$$

$$\text{ব্লকের আদিবেগ, } u_2 = 0 \text{ ms}^{-1}$$

$$\text{ধরি, ব্লক ও বুলেটের মিলিত অবস্থার বেগ } v \text{ ms}^{-1}$$

ভরবেগের সংরক্ষণ সূত্রানুযায়ী—

$$m_1 u_1 + m_2 u_2 = (m_1 + m_2) v$$

$$\text{বা, } 0.2 \times 150 + 4 \times 0 = (0.2 + 4) \times v$$

$$\text{বা, } 30 + 0 = 4.2 v$$

$$\text{বা, } v = \frac{30}{4.2}$$

$$\therefore v = 7.143 \text{ ms}^{-1}$$

চিত্র-১ অনুযায়ী বুলেটটি h উচ্চতায় উঠলে—

$$h \text{ উচ্চতায় বিভব শক্তি, } E_p = (m_1 + m_2)gh$$

বস্তুদ্বয়ের মিলিত অবস্থার গতিশক্তিই এই বিভব শক্তিতে পরিণত হয়।

$$\therefore \text{ গতি শক্তি, } E_k = \frac{1}{2} (m_1 + m_2)v^2$$

$$\therefore E_p = E_k$$

$$\text{বা, } (m_1 + m_2)gh = \frac{1}{2} (m_1 + m_2)v^2$$

$$\text{বা, } gh = \frac{1}{2} v^2$$

$$\text{বা, } h = \frac{v^2}{2g}$$

$$\text{বা, } h = \frac{(7.143)^2}{2 \times 9.8}$$

$$\therefore h = 2.6 \text{ m (Ans.)}$$

ঘ চিত্র-২ হতে,

$$1\text{ম বস্তুর ভর, } m_1 = 8 \text{ kg} \text{ ও } 2\text{য় বস্তুর ভর, } m_2 = 6 \text{ kg}$$

$$1\text{ম বস্তুর বেগ, } v_1 = 10 \text{ ms}^{-1} \text{ ও } 2\text{য় বস্তুর বেগ, } v_2 = 0 \text{ ms}^{-1}$$

$$\text{ধরি, মিলিত অবস্থায় বস্তু দুটির বেগ } v \text{ ms}^{-1}$$

আমরা জানি,

$$m_1 v_1 + m_2 v_2 = (m_1 + m_2)v$$

$$\text{বা, } v = \frac{m_1 v_1 + m_2 v_2}{m_1 + m_2}$$

$$= \frac{8 \times 10 + 6 \times 0}{8 + 6}$$

$$= 5.71 \text{ ms}^{-1}$$

এখন, সংঘর্ষের পূর্বে—

$$\begin{aligned} \text{১ম বস্তুর গতিশক্তি, } E_{k1} &= \frac{1}{2} m_1 v_1^2 \\ &= \frac{1}{2} \times 8 \times (10)^2 = 400 \text{ J} \end{aligned}$$

$$\begin{aligned} \text{২য় বস্তুর গতিশক্তি, } E_{k2} &= \frac{1}{2} \times m_2 v_2^2 \\ &= \frac{1}{2} \times 6 \times (0)^2 = 0 \text{ J} \end{aligned}$$

∴ বস্তুদ্বয়ের মোট গতিশক্তি

$$E_k = 400 \text{ J} + 0 = 400 \text{ J}$$

সংঘর্ষের পরে—

$$\begin{aligned} \text{বসতুদ্বয়ের মিলিত অবস্থার গতিশক্তি, } E'_k &= \frac{1}{2} (m_1 + m_2) v^2 \\ &= \frac{1}{2} (8 + 6) \times (5.71)^2 \\ &= 228.23 \text{ J} \end{aligned}$$

এখানে, $E_k > E'_k$

অর্থাৎ সংঘর্ষের পূর্বে বস্তুদ্বয়ের মোট গতিশক্তি বেশি ছিল।

তাই বলা যায় চিত্র-২ অনুযায়ী বস্তুর শক্তির অপচয় ঘটেছে।

প্রশ্ন ▶ ১৩ P ও Q দুইটি বস্তুর ভর যথাক্রমে 20 kg এবং 30 kg। বস্তু দুটি একই সরলরেখা বরাবর একই দিকে চলছে। Q এর অবস্থান P এর সামনে এবং Q বস্তুটি 10 ms^{-1} সমবেগে ও P বস্তুটি স্থির অবস্থান থেকে 3 ms^{-2} সমত্বরণে চলছে। 10 sec পরে P ও Q বস্তুদ্বয় সংঘর্ষে লিপ্ত হয়ে একটি বস্তুতে পরিণত হয় এবং 18 ms^{-1} সমবেগে একই দিকে চলতে থাকে।

ক. বলের ঘাত কি? ১

খ. বন্দুক থেকে গুলি ছোঁড়ার সময় বন্দুকটি পিছনের দিকে সরে আসে কেন? কারণ ব্যাখ্যা করো। ২

গ. বস্তুদ্বয় মিলিত হওয়ার ঠিক পূর্ব মুহূর্তে P বস্তুর বেগ নির্ণয় করো। ৩

ঘ. উপরোক্ত ঘটনা ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে কি? গাণিতিক বিশ্লেষণ করো। ৪

১৩ নং প্রশ্নের উত্তর

ক কোনো বল ও বলের ক্রিয়াকালের গুণফলকে ঐ বলের ঘাত বলে।

খ গুলি ছোঁড়ার পর বন্দুকের পেছনের দিকে সরে আসতে দেখা যায়। ভরবেগের সংরক্ষণ সূত্র থেকে এর ব্যাখ্যা পাওয়া যায়। গুলি ছোঁড়ার পূর্বে বন্দুক ও গুলি উভয়ের বেগ শূন্য থাকে কাজেই তখন তাদের ভরবেগের সমষ্টি শূন্য। গুলি ছোরার পর সামনের দিকে গুলির কিছু ভরবেগ উৎপন্ন হয়। ভরবেগের সংরক্ষণ সূত্রানুযায়ী গুলি ছোঁড়ার আগের ভরবেগের সমষ্টি পরের ভরবেগের সমষ্টির সমান হতে হবে। সুতরাং গুলি ছোঁড়ার পরের ভরবেগের সমষ্টি সমান হতে হলে অর্থাৎ, শূন্য হতে হলে বন্দুকেরও গুলির সমান ও বিপরীতমুখী একটা ভরবেগের সৃষ্টি হতে হবে। ফলে বন্দুক পেছনের দিকে সরে আসে।

গ দেওয়া আছে, P বস্তুর আদিবেগ, $u = 0 \text{ ms}^{-1}$

P বস্তুর ত্বরণ, $a = 3 \text{ ms}^{-2}$

মিলিত হতে প্রয়োজনীয় সময়, $t = 10 \text{ s}$

মিলিত হওয়ার ঠিক পূর্ব মুহূর্তে P এর বেগ,

$$\begin{aligned} v &= u + at \\ &= 0 + 3 \text{ ms}^{-2} \times 10 \text{ s} \\ &= 30 \text{ ms}^{-1} \end{aligned}$$

অর্থাৎ বস্তুদ্বয় মিলিত হওয়ার ঠিক পূর্ব মুহূর্তে P এর বেগ = 30 ms^{-1} (Ans.)

ঘ 'গ' হতে, মিলিত হওয়ার ঠিক পূর্ব মুহূর্তে P এর বেগ, $u_1 = 30 \text{ ms}^{-1}$

Q এর বেগ, $u_2 = 10 \text{ ms}^{-1}$

বস্তু P এর ভর, $m_1 = 20 \text{ kg}$

বস্তু Q এর ভর, $m_2 = 30 \text{ kg}$

বস্তুদ্বয়ের মিলিত বেগ, $v = 18 \text{ ms}^{-1}$

এখানে, সংঘর্ষের পূর্বে

$$\begin{aligned} \text{ভরবেগের সমষ্টি} &= m_1 u_1 + m_2 u_2 \\ &= (20 \times 30 + 30 \times 10) \text{ kgms}^{-1} \end{aligned}$$

$$= 900 \text{ kgms}^{-1}$$

$$\text{এখন, সংঘর্ষের পর ভরবেগের সমষ্টি} = (m_1 + m_2)v = (20 + 30) \times 18 \\ = 900 \text{ kgms}^{-1}$$

যেহেতু, সংঘর্ষের পূর্বে ভরবেগের সমষ্টি = সংঘর্ষের পর ভরবেগের সমষ্টি

অর্থাৎ উদ্দীপকের ঘটনা ভরবেগের সংরক্ষণ সূত্র মেনে চলে।

প্রশ্ন ▶ ১৪ 2000 kg ভরের একটি ট্রাক 54 kmh^{-1} বেগে চলতে চলতে বিপরীত দিক থেকে 45 kmh^{-1} বেগে আসা 800kg ভরের একটি বাসের সাথে সংঘর্ষে লিপ্ত হলে এবং আটকে গেল। ফলে মিলিত গাড়ি দুটি একত্রে চলতে শুরু করল।

ক. বলের সংজ্ঞা দাও।

১

খ. দেখাও যে বলের ঘাত বস্তুর ভরবেগের পরিবর্তনের সমান।

২

গ. সংঘর্ষের পূর্বে ট্রাকটির গতিশক্তি নির্ণয় করো।

৩

ঘ. সংঘর্ষের ফলে গাড়ি দুটির ভরবেগ সংরক্ষিত থাকবে কী গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা করো।

৪

১৪ নং প্রশ্নের উত্তর

ক বল একটি বাহ্যিক কারণ যা কোনো একটি বস্তুর গতি বা স্থিতি অবস্থার পরিবর্তন ঘটায় বা ঘটাতে চায়।

খ বস্তুর ভর ও বেগের গুণফলকে ভরবেগ বলে।

m ভরের কোনো বস্তুর আদিবেগ u । F বল t সময় ধরে এর উপর প্রয়োগ করলে এর বেগ v হয়।

আদি ভরবেগ = mu

শেষ ভরবেগ = mv

ভরবেগের পরিবর্তন = $mv - mu$

আবার, বল ও সময়ের গুণফলকে বলের ঘাত বলে।

∴ বলের ঘাত = $F \times t$

$$= \frac{(mv - mu)}{t} \times t = mv - mu$$

অর্থাৎ, বলের ঘাত বস্তুর ভরবেগের পরিবর্তনের সমান।

গ দেয়া আছে, সংঘর্ষের পূর্বে ট্রাকের বেগ, $v = 54 \text{ kmh}^{-1}$
 $= 15 \text{ ms}^{-1}$

ট্রাকের ভর, $m = 2000 \text{ kg}$

ট্রাকের গতিশক্তি $E_k = ?$

আমরা জানি,

